**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আল্লাহ সাক্ষ্য দিয়েছেন যে, তাঁকে ছাড়া আর কোন উপাস্য নেই। ফেরেশতাগণ এবং ন্যায়নিষ্ঠ জ্ঞানীগণও সাক্ষ্য দিয়েছেন যে, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনি পরাক্রমশালী প্রজ্ঞাময়।

সূরা আল ইমরান- ১৮


# দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৫ রমজান ১৪৪৭ ॥ ১০ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা





সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫




## একুশে পদক প্রদান ও বইমেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**

আগামী ২৬ ফেব্রুয়ারি একযোগে অনুষ্ঠিত হবে অমর একুশে বইমেলার উদ্বোধন ও একুশে পদক প্রদান অনুষ্ঠান। ২ এর পাতায় দেখুন



## অন্তর্বর্তী সরকারের অধ্যাদেশগুলো সংসদে উপস্থাপন করা হবে

**কীর্তনখোলা ডেস্ক**

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ১২ মার্চ থেকে শুরু হতে পারে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন ২ এর পাতায় দেখুন



## চাঁদাবাজবিরোধী আরেকটি আন্দোলন গড়ে তোলা এখনই সময়ের দাবি

**কীর্তনখোলা ডেস্ক**

রাজধানীর যাত্রাবাড়ীতে একজন গাড়িচালককে চাঁদা লেনদেনের ঘটনাকে কেন্দ্র করে চাঁদাবাজরা পিটিয়ে হত্যার ঘটনায় ২ এর পাতায় দেখুন

## তিন ক্যাটাগরিতে আরও ৭১৩ জুলাইযোদ্ধার গেজেট প্রকাশ

**কীর্তনখোলা ডেস্ক**

তিনটি ক্যাটাগরিতে আরও ৭১৩ জন জুলাইযোদ্ধার গেজেট প্রকাশ করা হয়েছে। এর আগে এ বিষয়ে মুক্তিযুদ্ধবিষয়ক ২ এর পাতায় দেখুন




মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বরিশাল জেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভায় উপস্থিত তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন -কীর্তনখোলা

# ভয়ভীতিমুক্ত সাংবাদিকতার পরিবেশ তৈরি করা হবে : তথ্যমন্ত্রী

**কীর্তনখোলা রিপোর্ট**

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, তথ্য মন্ত্রণালয়ের মন্ত্রী মানেই হচ্ছেন সাংবাদিকদের বন্ধু অথবা সাংবাদিকদের শত্রু। দেশের সাংবাদিক সমাজকে প্রতিশ্রুতি দিতে চাই যে আমরা একটি ভয়ভীতিমুক্ত সাংবাদিকতার পরিবেশ বাংলাদেশে তৈরি করব। শনিবার (২১ ফেব্রুয়ারি) দুপুরে বরিশাল জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, তারেক রহমান একটি অবাধ নির্বাচনের মাধ্যমে দায়িত্ব নিয়েছেন। কোনো ধরনের বাঁকা পথ, কারচুপি বা কোনো বিতর্কের সুযোগ নেই। এমনকি এই নির্বাচন সম্পর্কে কোনো মহল বা ব্যক্তি আজ পর্যন্ত প্রশ্ন তুলতে পারেনি। বাংলাদেশ জন্মের পর এত অবাধ নির্বাচন কখনো হয়নি। ফলে তারেক রহমান আজ জনগণের নির্বাচিত নেতা। আমরা সেই নেতার নেতৃত্বে একটি পরিকল্পনা বাস্তবায়ন করছি। তারেক রহমান বলছেন, 'আই হ্যাভ আ প্ল্যান'। সেই পরিকল্পনা অনেক বিস্তৃত। কিন্তু আমরা অগ্রাধিকার ভিত্তিতে ২ এর পাতায় দেখুন

## গৌরনদী প্রেসক্লাবে তথ্য ও সম্প্রচার মন্ত্রীর মতবিনিময়

**গৌরনদী প্রতিনিধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার বিষয়ক মন্ত্রী এবং বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসনের সংসদ সদস্য এম জহির উদ্দিন স্বপনের গৌরনদী প্রেসক্লাবে শুভাগমন উপলক্ষে এক শুভেচ্ছা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ?রবিবার (২২ ফেব্রুয়ারি ২০২৬) দুপুর ২টায় গৌরনদী প্রেসক্লাব কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রেসক্লাবের নেতৃবৃন্দ ও সদস্যরা মন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানান এবং উষ্ণ অভ্যর্থনা প্রদান করেন। এ সময় স্থানীয় সাংবাদিকতা, গণমাধ্যমের দায়িত্বশীল ভূমিকা এবং গৌরনদীর সার্বিক উন্নয়ন নিয়ে ২ এর পাতায় দেখুন



### বরিশালে বিএনপিকর্মী অপহরণ

## অবশেষে ৭ বছর পর মামলা, সাবেক পানিসম্পদ প্রতিমন্ত্রীসহ আসামি ১৪

**কীর্তনখোলা রিপোর্ট**

একাদশ সংসদ নির্বাচনে প্রচারণার সময় বিএনপিকর্মীকে অপহরণ ও নির্যাতনের অভিযোগে সাবেক পানি সম্পদ প্রতিমন্ত্রী, পুলিশ কমিশনার, রিটার্নিং কর্মকর্তা বরিশাল জেলা প্রশাসকসহ ১৪ জনের বিরুদ্ধে মামলা রুজুর আদেশ দিয়েছেন আদালত। রোববার (২২ ফেব্রুয়ারি) বরিশালের চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জহির উদ্দিন এ আদেশ দিয়েছেন বলে বেঞ্চ সহকারী মো. আব্দুর রহমান ২ এর পাতায় দেখুন








## পরস্পরের প্রতি ক্ষমাশীলতাই তাকওয়া অর্জনের সোপান

**মাওলানা মোহাম্মদ ইউসুফ**

পবিত্র মাহে রমজানের আজ ৫ম দিবসে মুমিনের হৃদয়ে অপর ভাইকে ক্ষমা করার মানসিকতার উন্মেষ ঘটা প্রয়োজন। সিয়াম আমাদের শেখায় কেবল নিজের নফসের সাথে লড়াই করা নয়, বরং মানুষের সাথে সম্পর্কের তিক্ততা ধুয়ে-মুছে সাফ করা। রমজানের এই রহমতের দশকের অন্যতম শিক্ষা হলো আল্লাহর ২ এর পাতায় দেখুন

## বরিশালে অস্বাস্থ্যকর পরিবেশে ইফতার তৈরি, ৫ প্রতিষ্ঠানকে জরিমানা

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশালে রমজানে অস্বাস্থ্যকর পরিবেশে ইফতার তৈরির অভিযোগে ৫টি ব্যবসা প্রতিষ্ঠানকে ১৪ হাজার টাকা জরিমানা করা হয়েছে। রোববার (২২ জানুয়ারি) বিকেলে নগরীর আমতলা মোড় ও বাংলাবাজার এলাকায় অভিযান চালিয়ে জরিমানা করেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কর্মকর্তারা। বরিশাল ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুমি রাণী মিত্র বলেন, আমরা কঠোর অবস্থানে আছি। রমজানকে কেন্দ্র করে প্রতিনিয়ত আমাদের মনিটরিং চলছে। বেশ কয়েকটি ব্যবসা প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়েছে। ধীরে ধীরে পুরো শহর আমরা মনিটরিং করব এবং কোথাও অনিয়ম পেলে ছাড় দেওয়া হবে না।

## পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু

**চরফ্যাশন প্রতিনিধি**

ভোলার চরফ্যাশন উপজেলায় পা?নিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। নিহতরা হলো- সোহানা আক্তার (৮) ও খাদিজা আক্তার (৭)। শ?নিবার (২১ ফেব্রুয়ারি) বিকেলে উপজেলার শশীভূষণ থানার হাজারীগঞ্জ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের দক্ষিণ হাজারীগঞ্জ গ্রামে এ ঘটনা ঘটে। নিহত সোহানা হাজারীগঞ্জ গ্রামের সোহাগ হোসেনের মেয়ে ও খাদিজা প্রতিবেশী মো. ইউসুফের মেয়ে। নিহতদের স্বজন ও স্থানীয়রা জানান, শ?নিবার বিকেল ৩টার দিকে বাড়ির সামনে খেলছিল দুই শিশু। দীর্ঘ সময় তাদের দেখতে না পেয়ে পরিবারের সদস্যরা খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে বাড়ির পাশের পুকুরে খা?দিজা ও সোহানাকে ভাসতে দেখেন তারা। ২ এর পাতায় দেখুন

## বর্ণাঢ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস পালন

**কীর্তনখোলা রিপোর্ট**

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০২৬। ২০১১ সালের ২২ ফেব্রুয়ারি বরিশালে দেশের ৩৩তম পাবলিক বিশ্ববিদ্যালয় হিসেবে "বরিশাল বিশ্ববিদ্যালয়" এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। ২০১২ সালে মাত্র ৪টি অনুষদের ৬টি বিভাগের ৪০০ শিক্ষার্থী নিয়ে আনুষ্ঠানিক যাত্রা শুরু করে ২ এর পাতায় দেখুন

## প্রতিষ্ঠার ১৫ বছরেও পূর্ণাঙ্গ হয়নি বরিশাল বিশ্ববিদ্যালয়

**কীর্তনখোলা রিপোর্ট**

মাত্র ৫০ একর জমিতে বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি) প্রতিষ্ঠার ১৫ বছরেও মেলেনি অবকাঠামোসহ অন্যান্য কাঙ্ক্ষিত উন্নয়ন। ১০ সহস্রাধিক শিক্ষার্থীর এই বিশ্ববিদ্যালয়ে প্রথম ধাপের উন্নয়ন প্রকল্পের কাজ শেষ হয় ২০১৭ সালে। দ্বিতীয় ধাপের উন্নয়ন কার্যক্রম কাগজে-কলমে শুরু হলেও দৃশ্যমান কোনো উন্নয়ন হয়নি এখনও। ফলে শিক্ষক, কর্মচারী, ক্লাসরুম, আবাসিক হল, পরিবহণ, স্বাস্থ্যসেবা, লাইব্রেরির বই, গবেষণা সরঞ্জাম, খেলার মাঠসহ বিভিন্ন সংকট এখনও বিরাজ করছে প্রাকৃতিক সৌন্দর্যের এই বিদ্যাপিঠে। এসব কারণে এখানকার শিক্ষার্থীরা আছেন নানান দুর্ভোগে। ফলে শুধুমাত্র কাগজে কলমেই আটকে আছে দক্ষিণাঞ্চলের ২ এর পাতায় দেখুন




মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বরিশাল শহিদ মিনারে পুস্পার্ঘ্য অর্পণ করেন বিভাগীয় কমিশনার মোহাম্মদ মাহফুজুর রহমান -কীর্তনখোলা

# বরিশালে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

**কীর্তনখোলা রিপোর্ট**

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বরিশালে যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন কর্মসূচি পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে নগরীর কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে একুশের প্রথম প্রহর থেকেই শ্রদ্ধা নিবেদনে ভিড় করেন নানা শ্রেণি-পেশার মানুষ। একুশের প্রথম প্রহরে রাত সাড়ে ১১টার মধ্যেই শহীদ মিনার এলাকায় উপস্থিত হন বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতাকর্মীসহ সাধারণ মানুষ। রাত ১২টা ১ মিনিটে প্রথমে শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন বরিশালের বিভাগীয় কমিশনার মোহাম্মদ মাহফুজুর রহমান। এরপর পর্যায়ক্রমে শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল রেঞ্জ ডিআইজি মো. মঞ্জুর মোর্শেদ আলম, পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম এবং জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমন। পরে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও রাজনৈতিক-সামাজিক সংগঠনের পক্ষ ২ এর পাতায় দেখুন



মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বরিশাল মেট্রোপলিটন পুলিশের উদ্যোগে বরিশাল শহিদ মিনারে পুস্পার্ঘ্য অর্পণ করা হয় -কীর্তনখোলা




মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বরিশাল শহিদ মিনারে পুস্পার্ঘ্য অর্পণ করেন বরিশাল জেলা প্রশাসক খায়রুল আলম সুমন -কীর্তনখোলা

# সারাদেশে ২০ হাজার কিলোমিটার খাল খনন করা হবে: তথ্যমন্ত্রী

**আশরাফুল ইসলাম আমিন, গৌরনদী**

সরকার সারাদেশে ২০ হাজার কিলোমিটার খাল খননের পরিকল্পনা গ্রহণ করেছে, যা শিগগির আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী এম জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, জিয়াউর রহমানের খাল খনন কর্মসূচির মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধির যে সুফল তা প্রমাণিত। পরে খালগুলো মরে যাওয়ায় কৃষি উৎপাদন যে ব্যাহত হয়েছে তাও প্রমাণিত হয়েছে। ফলে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে খাল খনন কর্মসূচি শুরু করা হয়েছে। এ প্রকল্পের কাজ সম্পন্ন হলে জোয়ার-ভাটার পানি সরাসরি কৃষকের জমিতে পৌঁছাবে। রোববার (২২ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে বরিশালের গৌরনদী উপজেলার সরিকল ইউনিয়নে খাল খনন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে তিনি ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

## প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## পণ্যমূল্য নিয়ন্ত্রণ করুন

প্রতিবছরই দেখা যায় পবিত্র রোজায় বেশি ব্যবহৃত খাদ্যপণ্যগুলোর দাম হু হু করে বেড়ে যায়। অথচ হঠাৎ করে দাম বেড়ে যাওয়ার কোনো বাস্তবভিত্তিক কারণ খুঁজে পাওয়া যায় না। এ বছরও তার ব্যতিক্রম হয়নি। রমজান মাস শুরু হওয়ার সপ্তাহ দুয়েক আগে থেকেই ব্যবসায়ীরা প্রায় প্রতিটি জরুরি পণ্যের দাম বাড়িয়ে দিয়েছেন। এরই মধ্যে বাজারে লেবুর দাম বেড়ে গেছে কয়েক গুণ। এক মাস আগেও যে লেবুর হালি ছিল ২০ থেকে ৪০ টাকার মধ্যে, সেই একই লেবু এখন বিক্রি হচ্ছে ৭০ থেকে ১০০ টাকা দরে। বেড়েছে খেজুরসহ কিছু ফলের দাম। ছোলা, পেঁয়াজ, মাছ, মাংস, শাক-সবজির দামও সপ্তাহের ব্যবধানে অনেকটাই বাড়তি। এতে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছে স্বল্প আয়ের মানুষ। প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, প্রতিবছরের মতো এবারও নিত্যপণ্যের দাম লাগামহীন হয়ে পড়েছে। ঢাকার বাজারে বেগুন বিক্রি হচ্ছে ১২০ থেকে ১৫০ টাকায়। দুই দিনে কাঁচা মরিচের দাম বেড়েছে কেজিপ্রতি ৪০ থেকে ৮০ টাকা পর্যন্ত। এ ছাড়া শসা, ছোলা, মসুর ডাল, ভোজ্যতেলসহ সব পণ্যের দাম উর্ধ্বমুখী। গরিবের প্রোটিন হিসেবে পরিচিত ব্রয়লার মুরগি ও ডিমের দামও বেড়েছে কেজি ও ডজন প্রতি ১৫ থেকে ২০ টাকা করে। আমাদের ইফতারের আরেকটি অন্যতম অনুষঙ্গ হলো খেজুর। খবরে বলা হয়েছে, জাতীয় রাজস্ব বোর্ড খেজুর আমদানিতে ৪০ শতাংশ শুল্ক কমিয়েছে, কিন্তু এর সুফল ক্রেতা পর্যায়ে মিলছে না। এই পরিস্থিতির আসল কারণ আমাদের কারো অজানা নয়। বছরের পর বছর ধরে কালোবাজারি, সিন্ডিকেট এবং অতি লোভী ব্যবসায়ীরা বাজারব্যবস্থার বারোটা বাজিয়েছেন। এর ভুক্তভোগী সমাজের নিম্নবিত্ত ও মধ্যবিত্তরা। বিশেষ করে রমজানে তাদের টানাপোড়েন কয়েক গুণ বেড়ে যায়। খবরে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকার আমদানিনির্ভর পণ্যগুলো চাহিদার চেয়ে ৪০ শতাংশ বেশি আমদানি ও মজুদ করেছে। সেই হিসাবে বাজারে পণ্যের ঘাটতি বা মূল্য বাড়ার কোনো কারণ থাকার কথা না। কিন্তু বাস্তবতা হচ্ছে, বাজারে প্রায় প্রতিটি জিনিসেরই দাম বেড়েছে। এর প্রধান কারণ, বাজারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলোর উপযুক্ত নজরদারি না থাকা। আর সেই সুযোগ নেয় প্রভাবশালী সিন্ডিকেট। তারা প্রতিদিন মানুষের পকেট কাটে। এর থেকে পরিত্রাণের পথ সরকারকে বের করতে হবে। বিশ্লেষক মহল জানিয়েছে, নিত্যপণ্যের বাজার নিয়ে উদ্বেগ নতুন না। তারা আরও জানিয়েছে, এটি এমন কোনো সংকট নয়, যার সমাধান নেই। বরং এ ক্ষেত্রে প্রয়োজনীয় প্রস্তুতি, স্বচ্ছতা, আইনের প্রয়োগ ও জবাবদিহির অভাবই পরিলক্ষিত হয়। আমরা আশা করি, রমজানে বাজার নিয়ন্ত্রণের মধ্য দিয়ে নতুন সরকার প্রথম পরীক্ষায় সফলতার সঙ্গে উত্তীর্ণ হবে। ব্যবসায়ীসমাজের উচিত রমজানের পবিত্রতা রক্ষা করে অতি মুনাফার প্রবণতা কমানো এবং মূল্য নিয়ন্ত্রণের ক্ষেত্রে সরকারকে সহযোগিতা করা। পাশাপাশি ট্রাক সেল, ওপেন মার্কেট সেল, ফ্যামিলি কার্ড ও অন্যান্য মাধ্যমে বাজারে সরকারের হস্তক্ষেপ বাড়াতে হবে।

## তিন ক্যাটাগরিতে আরও

মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। তিন ধাপে গত ১৭, ১৩ ও ১১ ফেব্রুয়ারি গেজেট প্রকাশ করা হয়। জুলাইযোদ্ধাদের মধ্যে 'ক' ক্যাটাগরির অতি গুরুতর আহত ৬ জন, 'খ' ক্যাটাগরির গুরুতর আহত ৩৩ জন রয়েছেন। বাকি ৬৭৪ জন 'গ' ক্যাটাগরির আহত জুলাইযোদ্ধা। 'গ' ক্যাটাগরির আহত জুলাইযোদ্ধাদের মধ্যে ঢাকা বিভাগে ২০১ জন, বরিশাল বিভাগে দুজন, সিলেট বিভাগে ২৪ জন, চট্টগ্রাম বিভাগের ২৩৬ জন, রাজশাহী বিভাগে ১৫৫ জন, রংপুর বিভাগে ৫১ জন ও খুলনা বিভাগে পাঁচজন রয়েছেন। 'জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবার ও জুলাইযোদ্ধাদের কল্যাণ এবং পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫' অনুযায়ী মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়কে দেওয়া ক্ষমতাবলে জুলাই গণঅভ্যুত্থান ২০২৪-এ 'জুলাইযোদ্ধা' গেজেট সরকার প্রকাশ করে বলে গেজেটে উল্লেখ করা হয়েছে। এখন তিন শ্রেণিতে জুলাইযোদ্ধার সংখ্যা ১৬ হাজার ছাড়িয়েছে বলে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় থেকে জানা গেছে। ২০২৪ সালে আওয়ামী লীগ সরকারের পতন আন্দোলনে অংশ নিয়ে নিহত ব্যক্তিদের 'জুলাই শহীদ' এবং আহত ব্যক্তিদের 'জুলাইযোদ্ধা'র মর্যাদা দিয়েছে অন্তর্বর্তীকালীন সরকার। অতি গুরুতর আহতদের 'ক' শ্রেণি, গুরুতর আহতদের 'খ' শ্রেণি ও সাধারণ আহতদের 'গ' শ্রেণিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সরকার কয়েক দফায় তিন ক্যাটাগরির জুলাইযোদ্ধাদের তালিকা প্রকাশ করে। পরে মিথ্যা তথ্য দিয়ে তালিকাভুক্ত হওয়া এবং একাধিকবার নাম আসা ১২৮ জন জুলাইযোদ্ধার গেজেট বাতিল করা হয়। আহতদের ক্যাটাগরি অনুযায়ী সুযোগ-সুবিধা দিচ্ছে সরকার। যারা অতি গুরুতর আহত (ক-শ্রেণি) তারা এককালীন ৫ লাখ টাকা পেয়েছেন এবং প্রতি মাসে ২০ হাজার টাকা করে ভাতা পাচ্ছেন। একটি অঙ্গহানি হয়েছে এমন গুরুতর আহত (খ-শ্রেণি) যারা আছেন তারা প্রতি মাসে ১৫ হাজার টাকা ভাতা পাচ্ছেন এবং এককালীন ৩ লাখ টাকা পেয়েছেন। গ-শ্রেণির আহতদের এককালীন এক লাখ টাকা দেওয়া হয়েছে। এছাড়া তারা প্রতি মাসে ১০ হাজার টাকা করে ভাতা পাচ্ছেন। পাশাপাশি তাদের চিকিৎসা বাবদ সহায়তাও দেওয়া হচ্ছে।

## চাঁদাবাজবিরোধী আরেকটি আন্দোলন

নিন্দা জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি প্রশ্ন তুলে বলেন, চাঁদার এ সংস্কৃতিকে এমনভাবে জাতীয়করণ করা হয়েছে, যেন চাঁদা না দেওয়াই অপরাধ! নেতৃত্বের জায়গা থেকে যখন চাঁদাবাজির বৈধতা দেওয়া হয়, তখন এ দায়িত্ব সংশ্লিষ্ট সকলের ওপরেই বর্তাবে। চাঁদাবাজবিরোধী আরেকটি আন্দোলন গড়ে তোলা এখনই সময়ের দাবি বলেও উল্লেখ করেন তিনি। রোববার (২২ ফেব্রুয়ারি) সন্ধ্যায় নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ ক্ষোভ প্রকাশ করেন তিনি। তিনি লেখেন, রাজধানীর যাত্রাবাড়ীতে একজন গাড়িচালককে চাঁদা লেনদেনের ঘটনায় চাঁদাবাজরা পিটিয়ে হত্যা করেছে। এই ঘটনার তীব্র নিন্দা জানাই। 'চাঁদার এ সংস্কৃতিকে এমনভাবে জাতীয়করণ করা হয়েছে, যেন চাঁদা না দেওয়াই অপরাধ! নেতৃত্বের জায়গা থেকে যখন চাঁদাবাজির বৈধতা দেওয়া হয়, তখন এ দায়িত্ব সংশ্লিষ্ট সকলের ওপরেই বর্তাবে।' মাঝখানে নিরীহ জনগণের জীবন এভাবেই কি ঝরে পড়বে? এমন প্রশ্ন তুলে জামায়াত আমির লেখেন, 'না, আমরা তা মেনে নিতে পারি না, মেনে নেব না। প্রিয় জনগণকে সঙ্গে নিয়ে চাঁদাবাজবিরোধী আরেকটি আন্দোলন গড়ে তোলা এখনই সময়ের দাবি।' 'দেশকে যারা ভালোবাসেন, তাদের সকলের প্রতি আমাদের একই কথা- চাঁদাবাজদের হাত থেকে জীবন ও সম্পদ রক্ষা করতে হলে সম্মিলিতভাবে লড়তে হবে। আমরা লড়ে যাব, ইনশাআল্লাহ।'

## অন্তর্বর্তী সরকারের অধ্যাদেশগুলো

আহমদ। তিনি বলেন, অধিবেশন শুরু হলে অন্তর্বর্তী সরকারের সময়ে যেসব অধ্যাদেশ প্রণয়ন করা হয়েছে সেগুলো উপস্থাপন করা হবে। রোববার (২২ ফেব্রুয়ারি) দুপুর আড়াইটার দিকে সচিবালয়ে প্রধানমন্ত্রীর অফিসের সামনে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অধিবেশন আহ্বানের প্রজ্ঞাপন ১৫ দিন আগে করতে হবে। সামারিটা জাতীয় সংসদ সচিবালয় থেকে প্রধানমন্ত্রীর দপ্তর হয়ে রাষ্ট্রপতির কাছে যাবে। প্রধানমন্ত্রীর পরামর্শক্রমেই সংসদ অধিবেশন আহ্বান করবেন রাষ্ট্রপতি। তিনি বলেন, আগামী ১২ মার্চ সংসদ অধিবেশন শুরু হতে পারে। সেই অধিবেশনে কী কী কর্মসূচি থাকবে সে বিষয়ে আলোচনা হয়েছে। যেমন- অধিবেশনে স্পিকার, ডেপুটি স্পিকার নির্বাচিত করা হবে। অন্তর্বর্তী সরকারের সময়ে যেসব অধ্যাদেশ প্রণয়ন করা হয়েছে- সেগুলো উপস্থাপন করা হবে এবং রাষ্ট্রপতির ভাষণ প্রদান। এছাড়া সংসদের নিয়মিত কার্যক্রম পরিচালিত হবে। এরই মধ্যে সংসদ নেতা নির্বাচিত হয়েছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। তাকে প্রধানমন্ত্রী করে বিএনপির নতুন সরকার এরই মধ্যে কাজ শুরু করেছে। তবে বিএনপি এখনো স্পিকার, সংসদ উপনেতা ও চিফ হুইপ নির্বাচন করেনি।

## একুশে পদক প্রদান ও বইমেলা

এদিন সকালে প্রধানমন্ত্রী তারেক রহমান একুশে পদক প্রদান করবেন এবং বিকেলে বাংলা একাডেমি প্রাঙ্গণে বইমেলার উদ্বোধন ঘোষণা করবেন। রোববার (২২ ফেব্রুয়ারি) তথ্য মন্ত্রণালয় থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব আজম উদ্দিন তালুকদার স্বাক্ষরিত এক পত্রের বরাতে বিবৃতিতে বলা হয় প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী ২৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার সকাল ১১টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে 'একুশে পদক ২০২৬' প্রদান করবেন। অনুষ্ঠানে পদকপ্রাপ্ত ব্যক্তিবর্গ ছাড়াও মন্ত্রিবর্গ, পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং আমন্ত্রিত সুধীবৃন্দ উপস্থিত থাকবেন। সংস্কৃতিমন্ত্রী নিতাই রায় চৌধুরীও সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ২৬ ফেব্রুয়ারি সকালে রাজধানীতে আয়োজিত এক অনুষ্ঠানে দেশের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে গুণীজনদের হাতে একুশে পদক তুলে দেবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এরপর বিকেলে বাংলা একাডেমি প্রাঙ্গণে বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন ঘোষণা করবেন প্রধানমন্ত্রী। এবারের বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর স্টল ভাড়া সম্পূর্ণ মওকুফ করেছে সরকার। এই সিদ্ধান্তকে প্রকাশকেরা ইতিবাচক হিসেবে দেখছেন। অনুষ্ঠান দু'টি ঘিরে ইতিমধ্যে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

## প্রতিষ্ঠার ১৫ বছরেও পূর্ণাঙ্গ

একমাত্র 'পূর্ণাঙ্গ' শব্দটি। তথ্যমতে, উদ্বোধনের সময় ১৫টি বিভাগ চালুর কথা থাকলেও ২৫টি বিভাগ নিয়ে ববির কার্যক্রম চলছে। তখন প্রথম ধাপের উন্নয়ন কার্যক্রমে দুটি অ্যাকাডেমিক ভবন ও প্রশাসনিক ভবন, ছেলে এবং মেয়েদের দুটি করে চারটি আবাসিক হল, উপাচার্যের বাসভবন, দুটি ডরমেটরি, লাইব্রেরি, টিএসসি ও মসজিদ রয়েছে। প্রথম ধাপের উন্নয়ন কাজ শেষ হয় ২০১৭ সালে। প্রথম ধাপের উন্নয়নে এখানে ৩৬টি শ্রেণি কক্ষ নির্মাণ করা হয়েছিল। সেই ৩৬টি শ্রেণিকক্ষেই এখনও চলছে ২৫টি বিভাগের পাঠদান। কক্ষ না পেয়ে প্রায়ই শিক্ষার্থীদের পাঠগ্রহণ করতে হচ্ছে মাঠে বা বাগানে। এছাড়াও অবকাঠামোগত অন্যান্য সংকটের কারণে এখানকার শিক্ষার্থীসহ কর্মরতরা রয়েছেন চরম দুর্ভোগে। এই দুর্ভোগ কাটাতে দ্বিতীয় ধাপের উন্নয়ন প্রকল্প প্রস্তাবের জন্য ২০২৫ সালের ১০ জুলাই ৩ কোটি ৯ লাখ টাকা অনুমোদন দেয় শিক্ষা মন্ত্রণালয়। এরপর দ্রুত কাজ শুরুর দাবিতে অবকাঠামোগত উন্নয়ন এবং জমি অধিগ্রহণের দাবিতে লাগাতার আন্দোলনে নামে শিক্ষার্থীরা। আন্দোলনের একপর্যায়ে ২০২৫ সালের সেপ্টেম্বর মাসের ৪ তারিখ একদল শিক্ষার্থী আমরণ অনশনে বসেন। তখন শিক্ষার্থীদের অনশন ভাঙানোর সময় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম নিজে লিখিত প্রতিশ্রুতি দিয়েছিলেন- পরবর্তী ৬ মাসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ধাপের কাজের ফিজিবিলিটি স্ট্যাডির কাজ শেষ করবেন। এরপর ২০২৫ সালের ১৮ সেপ্টেম্বর ববির কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক হাফিজ আশরাফকে পিডি (প্রজেক্ট ডিরেক্টর) হিসাবে নিয়োগ দেওয়া হয়। পিডি নিয়োগের পাঁচ মাসে এখনও দৃশ্যমান কোন উন্নয়নকাজ দেখাতে পারেনি ববি। এছাড়া ১৫ বছর পরও এখানে শিক্ষক সংকট চরমে রয়েছে। এখানকার অর্গানোগ্রাম অনুযায়ী এই সংখ্যক শিক্ষার্থীর জন্য মোট ৪৯৩ জন শিক্ষক থাকার কথা। অবশ্য এই সংখ্যাও চাহিদার তুলনায় কম। তবুও ইউজিসি থেকে অনুমোদন পাওয়া (ছাড়কৃত) ২৬৬টির পদের বিপরীতে বর্তমানে কর্মরত শিক্ষকের সংখ্যা ২২৫ জনের মত। এর মধ্যে শিক্ষাছুটিতে আছেন ৫৪ জন শিক্ষক। প্রায় একই দুরবস্থা কর্মকর্তা-কর্মচারীর পদেও। এখানে ইউজিসির ছাড় করা কর্মকর্তা কর্মচারীর পদ রয়েছে ৩৮১টি। এর মধ্যে শূন্য রয়েছে ১০৬টি পদ। এতে করে অ্যাকাডেমিক-দাপ্তরিক কার্যক্রমের পাশাপাশি অন্যান্য কার্যক্রমে ধীরগতি দেখা দিয়েছে। মাত্র দুটি অ্যাকাডেমিক ভবনে থাকা ২৮টিসহ প্রশাসনিক ভবনের ৮টি শ্রেণিকক্ষে চলে পাঠদান। রয়েছে মাত্র ৩২টি ল্যাব কক্ষ। এছাড়া বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকদের অফিস কক্ষ রয়েছে মাত্র ৬৮টি। ক্লাস রুম সংকট থাকায় প্রায়ই মুক্তমঞ্চ, খেলার মাঠ, ছায়াঘেরা বাগানে পাঠ গ্রহণ করতে হচ্ছে শিক্ষার্থীদের। ইউজিসির পরিকল্পনা অনুযায়ী, ২০১১ থেকে ২০২১ সালের মধ্যে ৩৫টি গাড়ি কেনার কথা থাকলেও বর্তমানে বিশ্ববিদ্যালয়ে রয়েছে ২৭টি। এর মধ্যে বাস ১৫টির মত বাস বাকিগুলো অন্যান্য যান। পরিবহণ সংকট থাকায় ছেলে এবং মেয়েদের দুটি করে চারটি আবাসিক হল রয়েছে। তাতে বর্তমানে আবাসিক শিক্ষার্থীর সংখ্যা ২ হাজার ৩১ হলেও বাস্তবে তা আরও কম। তাই বাধ্য হয়ে ৮০ ভাগ শিক্ষার্থীকেই থাকতে হয় ভাড়া মেসে। এছাড়া খাবারের মানও ভাল নয় বলে জানিয়েছেন শিক্ষার্থীরা। এখানে ভর্তি হওয়ার সময় একজন শিক্ষার্থীকে চিকিৎসা বাবদ ৬শ টাকা করে দিতে হয়। একই সময় হেলথ কার্ড বাবদ শিক্ষার্থীদের কাছ থেকে নেওয়া হয় আরও ১শ টাকা। একজন শিক্ষার্থীকে উচ্চ শিক্ষা গ্রহণে যদি ৫ বছরও থাকতে হয় তাহলে বছরে তার দেয়া টাকার পরিমাণ দাঁড়ায় ১৪০ টাকা। এই টাকার বিনিময়ে তার জন্য বিশ্ববিদ্যালয় থেকে চিকিৎসা বাবদ বরাদ্দ থাকে মাত্র ৭৯ টাকা! ফলে এখানে থাকা মেডিকেল সেন্টারটিতে জ্বর, সর্দি, কাশি আর ডায়রিয়া ছাড়া কোন রোগেরই চিকিৎসা হয় না। এছাড়াও একটি কেন্দ্রীয় লাইব্রেরি থাকলেও সেখানে রয়েছে বই সংকট। পাশাপাশি গবেষণা সরঞ্জাম, খেলার মাঠ সংকট নিয়ে চলছে এখানকার শিক্ষা কার্যক্রম। পাশাপাশি ২০২৫ সালের ১৩ মে শিক্ষার্থীদের টানা আন্দোলনে তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শরমিন, উপ-উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মামুন আর রশিদকে অব্যাহতি দেওয়া হয়। প্রায় নয় মাসেও এসব পদে কোনো নতুন নিয়োগ দেওয়া হয়নি। ববির গণতান্ত্রিক ছাত্র কাউন্সিলের সংগঠক ও মৃত্তিকা বিভাগের শিক্ষার্থী সুজয় শুভ বলেন, বিশ্ববিদ্যালয় হয়ে উঠতে যেসমস্ত আয়োজনের দরকার পরে তা গত ১৫ বছরেও নিশ্চিত করা সম্ভব হয়নি। এখানে বিভিন্ন সংকট দিন দিন বাড়ছে। তাই দ্রুত সময়ের মধ্যে এই সংকট দূর করতে সকলের সহযোগিতা কামনা করেন তিনি। ববি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম বলেন, আমাদের বরিশাল বিশ্ববিদ্যালয় ১৫ বছর শেষ করে ১৬ বছরে পদার্পণ করেছে, যা আনন্দের। ববিতে অনেক চাওয়া-পাওয়া আছে। আমাদের প্রথম ধাপের উন্নয়ন কাজের পর দ্বিতীয় ধাপের উন্নয়ন কার্যক্রম শুরু হয়েছে, কনসালটেন্ট নিয়োগের বিজ্ঞাপন প্রকাশ হয়েছে। অন্যান্য সংকট সমাধানে আমরা নিয়মিত মন্ত্রণালয়ে যোগাযোগ রাখছি। দ্রুত ক্লাস রুম সংকটে অ্যাকাডেমিক ভবন ৩ নির্মাণ কাজ শুরুর চেষ্টা চালিয়ে যাচ্ছি। প্রসঙ্গত বরিশাল বিশ্ববিদ্যালয় দেশের ৩৩তম সরকারি বিশ্ববিদ্যালয়। ২০১১ সালের ২২ ফেব্রুয়ারি ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে ২০১২ সালের ২৪ জানুয়ারি শিক্ষা কার্যক্রম শুরু করে ববি। বরিশাল বিশ্ববিদ্যালয় বরিশাল বিভাগে প্রতিষ্ঠিত একমাত্র পূর্ণাঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয়।

## সারাদেশে ২০ হাজার কিলোমিটার

এ কথা বলেন। মন্ত্রী বলেন, আমরা কোনো দলীয় সরকার অথবা দলীয় রাষ্ট্র গঠন করবো না। আমরা জনগণের সরকার করবো। বরিশাল, ভোলা, ঝালকাঠি ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্পের আওতায় গৌরনদীর সরিকল ইউনিয়নের কাপলাতলি খালের পুনঃখনন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী আরও বলেন, আমলা ও পুলিশকে জনগণর জন্য কাজ করার পরিবেশ তৈরি করে দিতে হবে। গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌর প্রশাসক মো. ইব্রাহীমের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বরিশাল বিএডিসির তত্ত্বাবধায়ক প্রকৌশলী চঞ্চল কুমার মিস্ত্রি, বিএডিসির বরিশাল, ভোলা, ঝালকাঠি ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক সৈয়দ ওয়াহিদ মুরাদ, উপজেলা কৃষি অফিসার সেকেন্দার শেখ, মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তারিক হাসান রাসেল, বরিশাল বিএডিসির সহকারী প্রকৌশলী এসএম আতাই রাব্বি, গৌরনদী বিএডিসির উপসহকারী প্রকৌশলী শাহেদ আহমেদ চৌধুরী প্রমুখ।

## বর্ণাঢ্য আয়োজনে বরিশাল

বিশ্ববিদ্যালয়টি। প্রতিষ্ঠার ১৫ বছর পেরিয়ে ১৬ বছরে পদার্পণ করেছে দক্ষিণ বঙ্গের বাতিঘর নামে পরিচিত এ বিশ্ববিদ্যালয়। দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসন নানা কর্মসূচির আয়োজন করে। সকাল সাড়ে ১০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তৌফিক আলম শিক্ষার্থীদের সাথে নিয়ে জাতীয় সংগীত ও বেলুন-ফেস্টুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবস ২০২৬ এর শুভ উদ্বোধন করেন। এসময় উপাচার্য সকলকে বিশ্ববিদ্যালয় দিবসের শুভেচ্ছা জানান এবং বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রায় সকলকে সাথে নিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। উদ্বোধন শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য আনন্দ র‍্যালি। উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তৌফিক আলমের নেতৃত্বে অনুষ্ঠিত আনন্দ র?্যালিতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. রাহাত হোসাইন ফয়সালসহ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন। র‍্যালিতে বিভিন্ন ভিন্ন ভিন্ন ডিপার্টমেন্টের আলাদা ব্যানার এবং বিভিন্ন প্লেকার্ড লক্ষ্য করা গিয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-১ এর সামনে থেকে শুরু হয়ে র‍্যালিটি বিশ্ববিদ্যালয় সংলগ্ন বরিশাল-পটুয়াখালী মহাসড়ক প্রদক্ষিণ শেষে মুক্তমঞ্চে এসে শেষ হয়।

## অবশেষে ৭ বছর পর মামলা, সাবেক

জানিয়েছেন। মামলার বাদী মো. মশিউল আলম খান পলাশ বরিশাল জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক। আসামিরা হলেনঃ সাবেক পানি সম্পদ প্রতিমন্ত্রী ও বরিশাল-৫ আসনের একাদশ সংসদ নির্বাচনের মহাজোট প্রার্থী জাহিদ ফারুক শামীম, বরিশাল মহানগর পুলিশের সাবেক কমিশনার মো. রুহুল আমিন, একাদশ সংসদ নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা বরিশালের জেলা প্রশাসক এসএম অজিয়র রহমান, উপ-পুলিশ কমিশনার মোয়াজ্জেম হোসেন ভূঁইয়া, বরিশাল মহানগর পুলিশের বন্দর থানার ওসি মোস্তফা কামাল হায়দার, পরিদর্শক (তদন্ত) শাহ মো. ফয়সাল আহম্মেদ, এসআই আব্দুল মালেক, এএসআই সহিদুল ইসলাম, এএসআই রাসেল মিয়া, এএসআই এরফান হোসেন মিদুল, এএসআই রফিকুল ইসলাম, এএসআই মোহাম্মদ মিলন বিশ্বাস, এএসআই মেহেদি হাসান মোল্লা, কনস্টেবল ফয়জুল। মামলার বাদী যুবদল নেতা পলাশ বলেন, 'একাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়টা দলের জন্য দুঃসময় ছিলো। বরিশাল-৫ আসনে বিএনপি প্রার্থী মজিবর রহমান সরোয়ার কোনো নেতাকর্মীকে নিয়ে প্রচারণায় যেতে পারেননি। তখন তিনি সার্বক্ষণিক কার্যক্রমে সম্পৃক্ত ছিলেন। সদর উপজেলার চন্দ্রমোহন এলাকায় লিফলেট বিতরণের জন্য তিনি ও প্রার্থী রওনা হন। এ সময় তিন দিক থেকে তাদের স্পিডবোটে ধাওয়া করা হয়।' তিনি আরও জানান, বিশ্বাসের হাট এলাকায় পৌঁছালে নদীর ভিতর থেকে সাদা পোশাকের তাকে অপহরণ করা হয়। পরে চোখ বেঁধে একটি অজ্ঞাতস্থানে নিয়ে রেখে দেয়। সেখানে তার ওপর নির্মম নির্যাতন করা হয়। পলাশ জানান, ঘটনার একটি 'ভিডিও ভাইরাল হয়েছে' উল্লেখ করে তারা তাকে হত্যা করেননি। এরপর বন্দর থানায় নিয়ে তাকে মিথ্যা মামলার আসামি করা হয়। পলাশ অভিযোগ করেন, তারা এমনভাবে নির্যাতন করেন যে এখনো মাঝে মাঝে আমার ব্যাক পেইন হয়। এ বিষয়ে গত ৫ অগাস্টের পরে আদালতে মামলা করেছি। আদালত বন্দর থানার ওসিকে মামলা রুজু করার নির্দেশ দেন। সর্বশেষ ঘটনাস্থল কোতোয়ালি মডেল থানা দেখিয়ে চূড়ান্ত প্রতিবেদন দয়া হয়। এ প্রতিবেদনের ওপর নারাজি দেয়া হয়। নারাজি দেয়ার পরেও কয়েকটা মাস ঘুরিয়েছে। অবশেষে আজ রোববার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোতোয়ালি মডেল থানায় মামলা রুজুর নির্দেশ দিয়েছেন।

## গৌরনদী প্রেসক্লাবে তথ্য

খোলামেলা আলোচনা হয়। ?সভায় সভাপতিত্ব করেন গৌরনদী প্রেসক্লাবের সভাপতি সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির। উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক এস এম জুলফিকার, সাবেক সভাপতি মো. গিয়াসউদ্দিন মিয়া, আসাদুজ্জামান রিপন, খন্দকার মনিরুজ্জামান মনির, সহ-সাধারণ সম্পাদক আমিনা আকতার সোমা, সদস্য খায়রুল ইসলাম, সোলায়মান তুহিন, মো. শামীম মীর, শেখ রুপা, মো. তানবিরুল ইসলাম সোহেল, আশরাফুল ইসলাম আমিন,নাঈমুল ইসলামসহ প্রেসক্লাবের অন্যান্য সদস্যবৃন্দ। সভায় বক্তব্য রাখতে গিয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রী এম জহির উদ্দিন স্বপন বলেন, গণমাধ্যম রাষ্ট্র ও সমাজের দর্পণ। সাংবাদিকরা সঠিক ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে গণতন্ত্রকে শক্তিশালী করেন। তিনি স্থানীয় সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনে নিরপেক্ষতা, সাহসিকতা ও নৈতিকতার প্রতি গুরুত্বারোপ করেন। একই সঙ্গে তিনি গৌরনদীর উন্নয়ন কর্মকাণ্ডে গণমাধ্যমের গঠনমূলক সহযোগিতা কামনা করেন। প্রেসক্লাব নেতৃবৃন্দ তাদের বক্তব্যে বলেন, গৌরনদী প্রেসক্লাব সবসময়ই বস্তুনিষ্ঠ ও দায়িত্বশীল সাংবাদিকতার চর্চা করে আসছে। তারা গণমাধ্যমবান্ধব পরিবেশ নিশ্চিতকরণ এবং স্থানীয় সাংবাদিকদের কল্যাণে মন্ত্রণালয়ের সহযোগিতা প্রত্যাশা করেন। পরিশেষে পারস্পরিক শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে অনুষ্ঠানটি শেষ হয়। ?অনুষ্ঠানটির সঞ্চালনা করেন গৌরনদী প্রেসক্লাবের সদস্য সাংবাদিক মো. লিটন খান।

## পানিতে ডুবে দুই

পরে দুই শিশুকে তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। শশীভূষণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফকরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এ ঘটনায় শশীভূষণ থানায় অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

## স্পরের প্রতি ক্ষমাশীলতাই

ক্ষমা পাওয়ার আগে অন্যকে ক্ষমা করতে শেখা। এ প্রসঙ্গে হাদিস শরীফে এসেছে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, আল্লাহর কসম! সেই ব্যক্তি প্রকৃত মুমিন নয়, যার অনিষ্ট থেকে তার প্রতিবেশী নিরাপদ থাকে না। (সহীহ বুখারী: ৬০১৬)। ৫ম রমজানের এই প্রভাতে আমাদের অঙ্গীকার হওয়া উচিত যাদের সাথে দীর্ঘকাল অভিমান বা বিবাদ রয়েছে, তাদের দিকে প্রথম ক্ষমার হাত বাড়িয়ে দেওয়া। মূলত ইসলামিক বিধিবিধান অনুযায়ী, মানুষের সাথে সম্পর্কের উন্নয়ন ছাড়া আল্লাহর ইবাদত পূর্ণতা পায় না। রাসূল (সা.)-এর সতর্কবাণী হলো, বিবাদমান দুই ব্যক্তির আমল আল্লাহর দরবারে পৌঁছাতে বিলম্বিত হয় যতক্ষণ না তারা আপস করে। তাই রমজানের এই পবিত্র সময়টি হলো ঝগড়া-বিবাদ মিটিয়ে ফেলার শ্রেষ্ঠ মৌসুম। পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা বলেন, আর যদি তোমরা মার্জনা করো, তবে তা-ই হবে তাকওয়ার অধিক নিকটবর্তী। (সূরা বাকারা: ২৩৭)। পরিশেষে বলা যায়, রমজানের প্রকৃত কল্যাণ কেবল উপবাসে নয়, বরং হৃদয়ের সংকীর্ণতা পরিহার করে ভ্রাতৃত্বের বন্ধন মজবুত করার মধ্যেই নিহিত। আসুন, ক্ষমার এই মহিমান্বিত মাসে আমরা একে অপরের প্রতি সহনশীল হই এবং নিজেদের তাকওয়াকে পূর্ণতা দান করি।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

## বরিশালে যথাযোগ্য মর্যাদায়

থেকেও শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। শ্রদ্ধা নিবেদন শেষে উপস্থিত অনেকেই বলেন, ভাষা আন্দোলন ও '৭১-এর মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এতে ভবিষ্যতে একটি সুন্দর, মানবিক ও শক্তিশালী বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে-এমন প্রত্যাশাই সবার।

## ভয়ভীতিমুক্ত সাংবাদিকতার পরিবেশ

কাজে হাত দিচ্ছি। তিনি বলেন, নারী অধিকার, প্রতিটি ফ্যামিলিতে কার্ড পৌঁছানো, বেকারদের কর্মসংস্থান, কৃষকদের জন্য ঋণ মৌকুফ এবং কৃষক কার্ড দেওয়া, এই কাজগুলোকে গুরুত্বের সহকারে দেখা হচ্ছে। চলমান রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়ে ক্যাবিনেটে আলোচনা করা হয়েছে। পাশাপাশি পর্যায়ক্রমে অন্য সব কাজে হাত দেওয়া হবে। সরকারের নেওয়া কর্মসূচি নিয়ে জহির উদ্দিন বলেন, সারা দেশে ২০ হাজার কিলোমিটারের মতো খাল খননের পরিকল্পনা রয়েছে সরকারের। নদী থেকে পানিকে কৃষকের জমি পর্যন্ত নিয়ে যেতে চাই, যাতে কৃষি উৎপাদনের পানির অভাব না ঘটে। দক্ষিণাঞ্চলের পায়রা বন্দরকে রাজধানীর সঙ্গে যুক্ত করার প্রস্তুতি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে। সে জন্য পায়রা পর্যন্ত চার লেনের রাস্তার কাজ নতুন করে প্রক্রিয়া শুরু করতে হবে। ভোলার গ্যাস যদি পরিপূর্ণভাবে উত্তোলন করা যায়, তাহলে শুধু দক্ষিণাঞ্চল নয়, সারা দেশে উন্নত চাহিদা আমরা পূরণ করতে পারব। পাশাপাশি জ্বালানির চাহিদা পূরণ করতে পারব। তথ্যমন্ত্রী বলেন, কুয়াকাটা আমাদের জন্য একটা বিশাল সম্পদ। যদি এটাকে আধুনিক পর্যটন কেন্দ্রে পরিণত করতে পারি এবং সরাসরি যদি বিমান চলাচলের ব্যবস্থা থাকে তাহলে আন্তর্জাতিক পর্যটকদের আকর্ষণ করতে পারব। এতে এই অঞ্চলের অর্থনীতি যেমন বাড়বে, তেমনি বাংলাদেশে বৈদেশিক মুদ্রা বাড়বে। তিনি বলেন, তারেক রহমানের সরকারের যে সম্ভাবনা তৈরি হয়েছে এবং জনগণের সেবা পাওয়ার যে নিশ্চয়তা তৈরি হয়েছে, এর পেছনে বাংলাদেশের মানুষের অবদান রয়েছে। আমাদের সময় দিলে নির্ধারিত সময়ের মধ্যে কাজগুলোকে শেষ করব। তথ্যমন্ত্রী বলেন, ১৮০ দিনের একটি পরিকল্পনা আমরা হাতে নিয়েছি। ১৮০ দিনের কাজ কী কী হতে পারে এবং যেগুলো বাস্তবায়নযোগ্য, এটা নিয়ে আমরা কাজ করব। জহির উদ্দিন স্বপন বলেন, সরকারের বয়স মাত্র কয়েক দিন। ইতিমধ্যে আমরা কয়েক জায়গায় লক্ষ করেছি সরকার পরিচালনার ক্ষেত্রে যে নিয়ম-নীতি, বিভিন্ন নিয়োগ, সমস্যার ক্ষেত্রে প্রচলিত আইন এবং আইন প্রয়োগকারী সংস্থার ক্ষমতার বাইরেও কেউ কেউ তৎপরতা দেখানোর চেষ্টা করছে। এই ধরনের সংঘবদ্ধ যেকোনো আইনবিরোধী তৎপরতাকে আমরা মব বলে চিহ্নিত করা হচ্ছে। পরে বরিশাল প্রেসক্লাবে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় যোগ দেন তথ্য সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। সভায় তিনি বলেন, সামগ্রিকভাবে একটা প্রযুক্তি নির্ভর আধুনিক জগতে ঢুকে পড়েছি আমরা। এরকম সময় গণমাধ্যমটা কেমন হওয়া উচিত সে বিষয়ে নিয়ে কাজ করা হবে। তিনি বলেন, গণমাধ্যম একটা প্রচলিত ধারায় চলছে বহু বছর ধরে মাঝখানে কিছু প্রযুক্তি প্রবেশ করেছে। কিন্তু কালচার অফ মিডিয়ার খুব একটা পরিবর্তন হয়নি। অথচ ইকো সিস্টেমের অনেক পরিবর্তন হয়ে গেছে। প্রত্যেকটা জায়গায় ট্রান্সফরমেশন অনেক বড় হয়ে গেছে। সেক্ষেত্রে নলেজ ট্রান্সফর্মেশন হয়নি। তিনি উপস্থিত সাংবাদিকদের অনুরোধ করে বলেন, সম্মিলিতভাবে অনেক ভালো ভালো চিন্তা এখান থেকে বের করা যাবে। সাংবাদিকদের অনেকের মধ্যেই ভালো ভালো চিন্তাভাবনা থাকতে পারে, সেগুলো আমাদের দিলে আমরা উপকৃত হব। এতে দেশও উপকৃত হবে। এ সময় তিনি সাংবাদিকদেন নানা সমস্যা ও সম্ভাবনা নিয়ে কথা বলেন। মতবিনিময় সভায় বরিশাল প্রেসক্লাবের সভাপতি আমিনুল ইসলাম খসরু, সাধারণ সম্পাদক এসএম জাকির হোসেনসহ সিনিয়র সাংবাদিক নেতারা উপস্থিত ছিলেন। পরে নিজ নির্বাচনী এলাকা গৌরনদী আগৈলঝাড়ায় নানা কর্মসূচিতে অংশ নেন জহির উদ্দিন স্বপন।

## কলাপাড়ায় অটোরিকশা-মোটরসাইকেল সংঘর্ষে আহত-৪

**কলাপাড়া প্রতিনিধি**

কলাপাড়ায় সিগু লাইন সড়কে মোটরসাইকেল ও অটোরিকশার সংঘর্ষে ৪ জন আহত হয়েছেন। রোববার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। আহতরা হলেন মোটরসাইকেল চালক মোঃ নান্টু হাওলাদার (৪৮), মোটরসাইকেলে থাকা ধানখালী ইউনিয়ন মহিলা দলের সাধারণ সম্পাদক সীমা আক্তার সুখি (৩৫), তার মেয়ে জান্নাতুল (৮) ও ছেলে মোঃ জোবায়েত (৬)। স্থানীয়রা তাদের উদ্ধার করে কলাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। জানা যায়, সীমা আক্তার সুখি তার ছেলে-মেয়েকে নিয়ে ধানখালীর বাড়ি থেকে ভাড়াটিয়া মোটরসাইকেল নিয়ে কলাপাড়ায় আসছিলেন। রজপাড়া সিগু লাইন সড়কে বিপরীত দিক থেকে আসা একটি অটোরিকশার সঙ্গে তাদের মোটরসাইকেলের সংঘর্ষ হয়। এতে তারা সড়কে ছিটকে পড়ে গুরুতর আহত হন।

## লালমোহনে অবৈধ জাল জব্দ করে পুড়িয়ে বিনষ্ট

**লালমোহন প্রতিনিধি**

ভোলার লালমোহন মৎস্য অফিসের উদ্যোগে তেতুলিয়া নদীতে বিশেষ কম্বিং অপারেশন পরিচালনা করা হয়েছে। লালমোহন উপজেলা মৎস্য অফিস সূত্রে জানা যায়, শনিবার দিবাগত রাতে প্রকল্প পরিচালক মোল্লা এমদাদ উল্যার দিকনির্দেশনায়, জেলা মৎস্য কর্মকর্ত ইকবাল হোসেন এর পরিকল্পনায়, লালমোহন উপজেলা মৎস্য কর্মকর্তা আলী আহমদ আখন্দের নেতৃত্বে উপজেলার তেতুলিয়া নদীতে অভিযান পরিচালনা করে ১৫টি অবৈধ বেহুন্দি জাল জব্দ করা হয়। জব্দকৃত বেহুন্দি জালের আনুমানিক মূল্য ৮লাখ টাকা। পরে জব্দকৃত জাল আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

## বাজার নিয়ন্ত্রণে হস্তক্ষেপের প্রতিবাদে ক্যাবের মানববন্ধন

**ঝালকাঠি প্রতিনিধি**

রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার স্থিতিশীল রাখতে পরিচালিত তদারকি অভিযানে বাধা ও মার্কেট বন্ধের হুমকির প্রতিবাদে ঝালকাঠিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। অভিযানে বাধা দানকারীদের বিরুদ্ধে তদন্তসাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন বক্তারা। রোববার (২২ ফেব্রুয়ারি) বেলা ১১টায় ঝালকাঠি জেলা প্রশাসক কার্যালয়ের সম্মুখ সড়কে এ কর্মসূচির আয়োজন করে কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) ঝালকাঠি শাখা। মানববন্ধনে বক্তারা বলেন, রমজানকে কেন্দ্র করে প্রতিবছর নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে অস্থিরতা তৈরি হয়। এ পরিস্থিতিতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর নিয়মিত বাজার তদারকি অভিযান পরিচালনা করে আসছে। কিন্তু সাম্প্রতিক অভিযানে বাধা প্রদান এবং মার্কেট বন্ধের হুমকি দেওয়ার ঘটনা অত্যন্ত উদ্বেগজনক ও নিন্দনীয়। ক্যাবের জেলা সভাপতি ইলিয়াছ শিকদার ফরহাদ বলেন, সরকারি দায়িত্বপ্রাপ্ত সংস্থার কাজে বাধা দেওয়া মানে ভোক্তাদের ন্যায্য অধিকার ক্ষুণ্ন করা। রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে নিয়মিত মনিটরিং জোরদার করতে হবে এবং যারা অভিযানে বাধা দিয়েছে, তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা নিতে হবে। সহ-সভাপতি মু. আল-আমিন বাকলাই বলেন, বাজারে স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখতে প্রশাসনের কার্যক্রমকে সহযোগিতা করা ব্যবসায়ীদের দায়িত্ব। অসাধু চক্র যদি কৃত্রিম সংকট বা অযৌক্তিক মূল্যবৃদ্ধির মাধ্যমে পরিস্থিতি অস্থিতিশীল করতে চায় তবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বীর মুক্তিযোদ্ধা সত্যবান সেন বলেন, ভোক্তার অধিকার রক্ষা করা রাষ্ট্রের আইনগত ও নৈতিক দায়িত্ব। বাজার তদারকি কার্যক্রমে বাধা প্রদান কেবল প্রশাসনিক কাজে হস্তক্ষেপ নয়, এটি সাধারণ মানুষের স্বার্থের পরিপন্থি। তিনি বাজার মনিটরিং আরও জোরদার করা এবং দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন ক্যাব নেতা কনা মিরাজ, ফিরোজ আহমেদ, মুনিয়া আক্তার, হাসান মাহমুদসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

## ইয়াবাসহ সাবেক ছাত্রদল নেতা গ্রেফতার

**নলছিটি প্রতিনিধি**

ঝালকাঠির নলছিটি উপজেলায় ৬৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ নাসরুল হাওলাদার (২৮) নামে ছাত্রদলের এক সাবেক নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (২১ ফেব্রুয়ারি) দুপুর ২টার দিকে উপজেলার মোল্লারহাট ইউনিয়নের ছৈলাবুনিয়া মাদরাসার সামনে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পুলিশ সূত্র জানায়, গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত অভিযানে তার কাছ থেকে ৬৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলার প্রস্তুতি নিয়ে তাকে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে। গ্রেফতার নাসরুল হাওলাদার নলছিটি জেডএ ভুট্টো ডিগ্রি কলেজ ছাত্রদলের সাবেক সদস্য সচিব ও পূর্ব কামদেবপুর এলাকার বেলায়েত হাওলাদারের ছেলে। এ বিষয়ে নলছিটি উপজেলা ছাত্রদলের সদস্যসচিব সুজন খান জাগো নিউজকে বলেন, নাসরুল পূর্বে কলেজ ছাত্রদলের সদস্য সচিব ছিলেন। বর্তমানে সংগঠনের সঙ্গে তার কোনো সম্পৃক্ততা নেই। তিনি বিবাহিত ও তার সন্তানও রয়েছে। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম বলেন, অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে। উদ্ধারকৃত ইয়াবা জব্দ করা হয়েছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## দৌলতখানে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

**ভোলা প্রতিনিধি**

ভোলার দৌলতখান উপজেলায় নিজ বসতঘর থেকে রুমা বেগম (৩২) নামে এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। নিহতের পরিবারের দাবি, এটি আত্মহত্যা নয় পরিকল্পিত হত্যা। রবিবার (২২ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার সৈয়দপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডে স্বামীর বাড়িতে এ ঘটনা ঘটে। রুমা বেগম একই এলাকার লোকমানের স্ত্রী। তাদের সংসারে দুই ছেলে সন্তান রয়েছে। পারিবারিক সূত্রে জানা গেছে, রুমা বেগম দৌলতখান উপজেলার দক্ষিণ জয়নগর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের কাশেম মাস্টারের মেয়ে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ঘরের ভেতর ঝুলন্ত অবস্থায় রুমাকে দেখতে পেয়ে স্বজনরা তাকে উদ্ধার করে দৌলতখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহতের স্বজনদের অভিযোগ, রুমার স্বামী লোকমান দীর্ঘদিন ধরে স্ত্রী ও সন্তানদের ভরণপোষণ দিতেন না এবং বিভিন্ন সময় শারীরিক নির্যাতন করতেন। তাদের দাবি, রুমাকে হত্যা করে ঘটনাটি আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করা হয়েছে। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করেন। এ বিষয়ে দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম সিকদার জানান, খবর পেয়ে পুলিশ হাসপাতালে যায়। মরদেহ স্বাস্থ্য কমপ্লেক্সে রয়েছে। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## চাঁদাবাজ, মাদক ও দুর্নীতিমুক্ত

তিনি। এ সময় প্রশাসনের সহযোগিতা কামনা করে তিনি বলেন, নির্বাচনের আগে জনগণকে দেওয়া নির্বাচনী ইশতেহার আমি পূরণ করতে চাই। সেই লক্ষ্যে ইতোমধ্যে কাজ শুরু করেছি। বাউফলবাসীর উদ্দেশে তিনি বলেন, আমি আপনাদের খাদেম। তাই খাদেমকে খাদেমের মত কাজ করতে দিতে হবে। শেষ পর্যন্ত আল্লাহ তায়ালা বিজয়ের দ্বারপ্রান্তে পৌঁছে দিয়েছেন এ জন্য আল্লাহতালার কাছে শুকরিয়া আদায় করছি। উপজেলা জামায়াতের আমির মাও. ইছাহাক মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, খেলাফত মজলিশের আইউব বিন মুছা, উপজেলা জামায়াতের সেক্রেটারি সহকারী অধ্যাপক মো. খালিদুর রহমান, পৌর জামায়াতের আমির মাও. সেলিমুর রহমান প্রমুখ।

## ঝালকাঠির উন্নয়ন ও আইনশৃঙ্খলা নিয়ে

চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতি এবং জনসেবার মানোন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। দীর্ঘদিনের স্থবিরতা দূর করে উন্নয়ন কর্মকাণ্ডে গতি আনার ওপর জোর দেওয়া হয়। নবনির্বাচিত দুই সংসদ সদস্য সরকারি প্রতিটি দপ্তরে স্বচ্ছতা বজায় রাখা এবং সাধারণ মানুষকে হয়রানিমুক্ত সেবা প্রদানের নির্দেশনা দেন। তারা জেলার শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে প্রশাসন ও রাজনৈতিক দলগুলোর সমন্বিত প্রচেষ্টার আহ্বান জানান। সভায় উপস্থিত ছিলেন ঝালকাঠির পুলিশ সুপার মিজানুর রহমান, জেলার চার উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন সরকারি দপ্তরের প্রধান, বিএনপির স্থানীয় শীর্ষ নেতৃবৃন্দ এবং জাতীয় ও আঞ্চলিক গণমাধ্যমকর্মীরা। বক্তব্যে সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল বলেন, জনগণ আমাদের ওপর যে আস্থা রেখেছেন, তার প্রতিদান দিতে আমরা বদ্ধপরিকর। দল-মতনির্বিশেষে ঝালকাঠিকে একটি আধুনিক ও বৈষম্যহীন জেলা হিসেবে গড়ে তোলা হবে। অন্যদিকে সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভুট্টো প্রশাসনের কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। কোনো প্রকার অনিয়ম বা দুর্নীতি সহ্য করা হবে না। সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন বলেন, নতুন সংসদ সদস্যদের দিকনির্দেশনায় জেলা প্রশাসন ঝালকাঠির উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাবে।

## দাওয়াত না পাওয়ায় মাতৃভাষা

বলেন, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে দাওয়াতের কোনো চিঠি অথবা কারও ফোন পাইনি। আমরা শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করলেও দাওয়াত না পাওয়ায় আলোচনা সভায় অংশগ্রহণ করিনি। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হাসান মো. হাফিজুর রহমান জানান, আমি জারিকারকের মাধ্যমে উপজেলা বিএনপিকে দাওয়াতের চিঠি পাঠিয়েছি। জারিকারক বিএনপির সভাপতিকে না পাওয়ায় চিঠি পৌঁছাতে পারেনি।

## ফ্যাসিবাদী শক্তির উত্থান একুশের চেতনায়

ভাষা কার্যকর করা যায়নি। উচ্চশিক্ষা ও আইন আদালতে বিদেশি ভাষার প্রাধান্য জাতি হিসেবে হতাশার বিষয়। তিনি বলেন, “আমরা অন্য দেশের ভাষায় দক্ষতা অর্জন করতে পারি, তবে রাষ্ট্রের সকল ক্ষেত্রে বাংলা ভাষাকেই অগ্রাধিকার দিতে হবে।” তিনি আরও বলেন, জুলাই অভ্যুত্থানে ফ্যাসিবাদের বিরুদ্ধে দাঁড়িয়ে ১ হাজার ৪০০ জন প্রাণ দিয়েছেন এবং ৩০ হাজার মানুষ হাত-পা ও চোখ হারিয়েছেন বলে দাবি করেন তিনি। “এত বড় আত্মত্যাগের মাধ্যমে একটি সনদ প্রস্তুত করা হয়েছে, যাতে আর ফ্যাসিবাদ ফিরে না আসে। কিন্তু সেই জুলাই সনদকে অস্বীকারের চেষ্টা চলছে,” বলেন তিনি। দেশবাসী অধিকার আদায় করে নেবে বলেও হুঁশিয়ারি উচ্চারণ করেন তিনি। সভায় মহানগর সেক্রেটারি মাওলানা মতিউর রহমানের সঞ্চালনায় আরও বক্তব্য রাখেন মহানগরীর সহকারী সেক্রেটারি তারিকুল ইসলাম, কর্মপরিষদ সদস্য মাওলানা জয়নুল আবেদীন, শামীম কবির, মহফুজুর রহমান আমিন, কাউনিয়া থানা আমির মাওলানা মোস্তাফিজুর রহমান, পেশাজীবী বিভাগের সভাপতি সুলতানুল আরেফিন, আইনজীবী বিভাগের সভাপতি অ্যাডভোকেট আবুল খায়ের শহীদ, ব্যবসায়ী বিভাগের সভাপতি মোয়াজ্জেম হোসেন হাওলাদার ও ব্যাংকার্স বিভাগের সভাপতি মুজিবুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ। আলোচনা শেষে ভাষা শহীদদের স্মরণে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

## আ.লীগের হামলায় বিএনপির

চিকিৎসার জন্য প্রেরণ করা হয়। বর্তমানে আহতরা জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। আহত জাহিদ হোসেন ও নাসির ফকির জানান, পত্তাশী ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক নাসির উদ্দীন টুকু এবং তার ছাত্রলীগ করা ছেলে রায়হান, টুকুর ভাই যুবলীগ নেতা আলাউদ্দিনের নেতৃত্বে ৮-১০ জন মিলে আমাদের উপর অতর্কিত হামলা চালায়। অভিযুক্ত আওয়ামী লীগ নেতা নাসির উদ্দীন টুকু বলেন, ভ্যান ভাড়া নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে মারামারির ঘটনা ঘটে। সেই মারামারি থামাতে গিয়ে আমি নিজেই আহত হয়েছি। আমাকে মিথ্যা অভিযোগে ফাঁসানো হচ্ছে। ইন্দুরকানী থানার অফিসার ইনচার্জ (ওসি) শামীম হাওলাদার জানান, আহতরা জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ভুক্তভোগীরা লিখিত অভিযোগ দেওয়ার কথা বলেছে। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## ছাত্রদল নেতার নেতৃত্বে হাসপাতালে

কেন্দ্র করে সিয়াম মাহমুদ আকরাম, মো. বাপ্পী, ইসমাইল, রিফাত পারভেজ, আব্দুল্লাহ, সৌরভ, ইমরান, আরিফ, জয়ানালসহ কয়েকজন তার ওপর দেশীয় অস্ত্র নিয়ে হামলা চালায়। পরে তিনি চিকিৎসার জন্য হাসপাতালে গেলে দ্বিতীয় দফায় হামলার শিকার হন। এ সময় হাসপাতালের বিভিন্ন গ্লাস ও আসবাবপত্র ভাঙচুর করা হয়। অভিযুক্ত সিয়াম বলেন, নিজেদের মধ্যে ভুল বোঝাবুঝির জেরে ঘটনাটি ঘটেছে। তিনি দাবি করেন, ছাত্রদলের সভাপতি রবিউল ও কামরুল তাদের কয়েকজনকে মারধর করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরে হাসপাতালে গিয়ে অনাকাঙ্ক্ষিতভাবে কিছু ক্ষয়ক্ষতি হয়েছে। কেয়ার মডেল হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক মনিরুজ্জামান বলেন, হঠাৎ ১০-১২ জন যুবক হাসপাতালে ঢুকে ভাঙচুর চালায়। এতে রোগী ও স্টাফরা আতঙ্কিত হয়ে পড়েন। আমরা এ ঘটনার সুষ্ঠু বিচার চাই। মহিপুর থানা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট শাহজাহান পারভেজ বলেন, বিএনপিতে সন্ত্রাসীদের কোনো স্থান নেই। হাসপাতাল ভাঙচুরের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে পটুয়াখালী জেলা ছাত্রদলের সভাপতি শামীম আহমেদের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তার বক্তব্য পাওয়া যায়নি।

## বঙ্গোপসাগরের লঘুচাপ প্রভাবে বরিশালসহ

উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ বিহার ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এমন অবস্থায় আজ সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় সারাদেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশ থাকতে পারে। তবে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। এদিন রাত ও দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। দ্বিতীয় দিন (২৩ ফেব্রুয়ারি) খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের অন্য জায়গায় আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এদিন সারাদেশে রাত ও দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। তৃতীয় দিন মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। অন্য জায়গায় আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এদিন তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। চতুর্থ দিন বুধবার (২৫ ফেব্রুয়ারি) সারাদেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশ থাকতে পারে এবং আবহাওয়া শুষ্ক থাকতে পারে। এদিন রাত ও দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে। পঞ্চম দিন বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এদিন তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এছাড়া বর্ধিত পাঁচ দিনের পূর্বাভাসে বলা হয়েছে, দিন ও রাতের তাপমাত্রা বাড়তে পারে।

## নতুন সরকারের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক

ড. খলিলুর রহমান ও প্রতিমন্ত্রী শামা ওবায়েদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। হাইকমিশনার বলেন, বৈঠকটি মূলত সৌজন্য সাক্ষাৎ ও প্রাথমিক মতবিনিময় হলেও দ্বিপক্ষীয় সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। তিনি বলেন, ইতিবাচক ও ভবিষ্যৎমুখী দৃষ্টিভঙ্গিতে জনগণকেন্দ্রিক সহযোগিতা জোরদার করতে চায় নয়াদিল্লি। প্রণয় ভার্মা আরও বলেন, নির্বাচনের পরপরই ১৩ ফেব্রুয়ারি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন বার্তা পাঠান এবং একই দিনে তাদের মধ্যে টেলিফোনে কথোপকথন হয়। এছাড়া ১৭ ফেব্রুয়ারি নতুন সরকার শপথ নেওয়ার সময় ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা ভারত সরকারের প্রতিনিধিত্ব করে ঢাকা সফর করেন। সফরকালে তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন এবং ভারতের প্রধানমন্ত্রীর একটি চিঠি হস্তান্তর করেন। প্রণয় ভার্মা বলেন, এসব উচ্চপর্যায়ের যোগাযোগে বাংলাদেশ-ভারতের ঐতিহাসিক সম্পর্কের ভিত্তিতে বহুমাত্রিক দ্বিপক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করার আগ্রহ প্রকাশ করা হয়েছে। পাশাপাশি একটি গণতান্ত্রিক, প্রগতিশীল ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গঠনে ভারতের সমর্থনের বিষয়টিও তুলে ধরা হয়েছে। ভিসা জটিলতা প্রসঙ্গে তিনি বলেন, নতুন সরকারের সঙ্গে সম্পৃক্ত হয়ে ইতিবাচক, গঠনমূলক ও অগ্রসর চিন্তার ভিত্তিতে সব ক্ষেত্রে জনগণকেন্দ্রিক সহযোগিতা জোরদার করতে ভারত আশাবাদী।

## খলিলুরকে পাকিস্তানি পররাষ্ট্রমন্ত্রীর

জোরদার এবং বিভিন্ন খাতে সহযোগিতা সম্প্রসারণে সম্মত হন। সেই সঙ্গে শান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধিকে সামনে রেখে ভবিষ্যৎমুখী অংশীদারিত্ব গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। রোববার (২২ ফেব্রুয়ারি) পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। এসময় সম্প্রতি দায়িত্ব গ্রহণ উপলক্ষে বাংলাদেশি পররাষ্ট্রমন্ত্রীকে অভিনন্দন জানান তিনি। আলোচনায় দুই নেতা বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করার আগ্রহ প্রকাশ এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে মতবিনিময় করেন। এছাড়া, বাণিজ্যসহ বিভিন্ন খাত এবং বহুপক্ষীয় ফোরামে সহযোগিতা বাড়াতে সম্মত হন তারা। বিবৃতিতে আরও বলা হয়, দুই দেশের জনগণের কল্যাণে একটি অগ্রসর ও ভবিষ্যতমুখী অংশীদারিত্ব গড়ে তোলার ওপর গুরুত্ব দেন দুই মন্ত্রী।

## কাউখালীতে ভাষা শহীদদের

পরিষদ সভাকক্ষে আলোচনা সভা এবং শিক্ষার্থীদের নিয়ে চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রথম শ্রেনি থেকে দশম শ্রেণি পর্যন্ত মোট চারটি বিভাগে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আসাদুজ্জামানের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন,উপজেলা সহকারী কমিশনার(ভূমি) সুদীপ্ত দেবনাথ, কাউখালী থানার অফিসার ইনচার্জ মোঃ ইয়াকুব হোসাইন, বীর মুক্তিযোদ্ধা কৃষ্ণ কান্তি, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মুনিবুর রহমান, জামায়াতে ইসলামি বাংলাদেশ কাউখালী উপজেলা শাখার আমির মাওলানা নজরুল ইসলাম, ইসলামী আন্দোলন বাংলাদেশ কাউখালী উপজেলার সভাপতি মোঃ আলী হোসেন প্রমুখ। বক্তারা বলেন, ১৯৫২ সালের ভাষা আন্দোলন থেকে শুরু করে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ এবং ২০২৪ সালের জুলাই মাসের উত্তাল সংগ্রাম সবকিছুর মধ্য দিয়েই বাঙালি জাতি তার অধিকার ও স্বাধীনতা প্রতিষ্ঠা করেছে। তারা আরও বলেন, বাংলা ভাষা শুধু যোগাযোগের মাধ্যম নয়, এটি আমাদের ইতিহাস, সংস্কৃতি ও জাতিসত্তার প্রতীক। ভাষা শহীদ ও জুলাই যোদ্ধাদের ত্যাগ নতুন প্রজন্মের কাছে তুলে ধরা এবং মাতৃভাষার মর্যাদা রক্ষা করা আমাদের সকলের নৈতিক দায়িত্ব। সভাশেষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আব্দুল হান্নান।

## ব্যবসা প্রতিষ্ঠানে চুরি ও অগ্নিসংযোগ

চায়ের দোকানদার ইউনুস সরদার তাকে সেহরি খাওয়ার জন্য ডেকে তুলে। ঘুম থেকে উঠে সেহরি খাওয়ার জন্য বান্ধবপাড়া বাজারের বাসায় যান তিনি।এর মধ্যে হঠাৎ ডাক চিৎকার শুনতে পান। এক পর্যায়ে আগুন দেখে দৌঁড়িয়ে ঘটনাস্থলে ছুটে আসেন এবং স্থানীয়দের সহযোগিতায় আগুন নেভানোর চেষ্টা করেন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ২টি ইউনিট ঘন্টাখানেক চেষ্টা করে ভোর ৬টার দিকে আগুন নিযন্ত্রণে আনেন। মঠবাড়িয়া ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার সোহেল মিয়া জানান, বৈদ্যুতিক শর্ট সার্কিটে আগুনের সূত্রপাত হয়েছে। ৪টি দোকান পুড়ে ১০ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। মঠবাড়িয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার পার্থ চক্রবর্তী জানান, ভুক্তভোগীদের অভিযোগ চুরির পর অগ্নিসংযোগ করা হয়েছে। কিন্তু ফায়ার সার্ভিসের লোকজন শার্টার ভেঙে দোকানের সামনে থেকে পানি দিয়েছে। শার্টার ভাঙা থাকলেতো ফায়ার সার্ভিসের লোকজনকে পুনরায় শার্টার ভাঙতে হতো না। তারপরও বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

## উজিরপুরে স্বেচ্ছাসেবক দল

উপজেলা পরিষদ থেকে কালভার্ট নির্মাণের বরাদ্দ করিয়েছেন। গতকাল শনিবার নির্মাণকাজ শুরু হয়। তিনিসহ (নান্টু) আরও কয়েকজনের জমির ওপর কালভার্ট নির্মাণ করা হচ্ছে। গ্রামবাসী বাধা দিলে নির্মাণকাজ বন্ধ হয়। এ নিয়ে গ্রামে উত্তেজনা চলছে। তবে অভিযোগ অস্বীকার করে স্বেচ্ছাসেবক দলের নেতা ইউসুফ জানান, আওয়ামী লীগের লোকজন তাঁর বিরুদ্ধে মানববন্ধন করেছেন। তাঁদের মধ্যে অনেকে নির্বাচনের সময় তাঁর সঙ্গে ছিলেন, কিন্তু তাঁরা ভোট দিয়েছেন দাঁড়িপাল্লায়।

## স্বীকারোক্তি না দেয়ায় বৃদ্ধের

সীমানা নিয়ে বিরোধ চলে আসছিল। কয়েক দফা সালিশ-বৈঠকের মাধ্যমে বিষয়টি মীমাংসার চেষ্টা হলেও বিরোধের রেশ কাটেনি বলে এলাকাবাসীর দাবি। শাকিলের অভিযোগ,প্রায় দুই মাস আগে কামরুলের ঘরে চুরির ঘটনা ঘটে।তাকে সন্দেহভাজন করে থানায় অভিযোগ দেওয়া হলেও পুলিশের তদন্তে তিনি নির্দোষ প্রমাণিত হন। এরপরও তাকে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন করার চেষ্টা করা হয়। এমনকি তার এক আত্মীয়ের ওপর চাপ প্রয়োগ করে মিথ্যা সাক্ষ্য দেওয়ানোর চেষ্টা করা হয়েছিল বলে জানান তিনি। সর্বশেষ ঘটনায় অভিযোগ উঠেছে, পার্শ্ববর্তী মোসলেউদ্দিনকে পরিকল্পিতভাবে বাড়ি থেকে ডেকে নেওয়া হয়। আহত মোসলেউদ্দিন কান্নাজড়িত কণ্ঠে বলেন, “আমি কিছুই জানি না। আমাকে জোর করে বলা হয়, শাকিল চুরি করেছেড়এ কথা বলতে হবে। আমি মিথ্যা বলতে রাজি না হওয়ায় তারা আমাকে বেধড়ক মারধর করে। একপর্যায়ে আমার পা ভেঙে দেয়। আমি এখন হাঁটতেও পারছি না। আমি এর বিচার চাই।” ঘটনার পর অভিযুক্ত কামরুলের বাড়িতে গেলে তাকে পাওয়া যায়নি। এ বিষয়ে মতিনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, “মোসলেউদ্দিন নামে কাউকে আমি চিনি না,” বলে বিষয়টি এড়িয়ে যান। এ ঘটনায় পুরো এলাকায় উত্তেজনা বিরাজ করছে। স্থানীয় সচেতন মহল বলছেন, জমি-সংক্রান্ত বিরোধকে কেন্দ্র করে এ ধরনের সহিংসতা উদ্বেগজনক। তারা দ্রুত তদন্ত ও দোষীদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

## শহীদদের শ্রদ্ধা জানাতে গিয়ে হাদি

রাঙানো একুশে ফেব্রুয়ারি’ গান গেয়ে এগিয়ে যান। ?শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের পর দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ভাষা আন্দোলনের শহীদদের পাশাপাশি দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে নিহতদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। এ সময় বক্তব্যে মাসুমা হাদি বলেন, একুশ আমাদের শিখিয়েছে অন্যায়ের বিরুদ্ধে মাথা নত না করতে। আমার ভাই শরীফ ওসমান হাদি সবসময় ইনসাফের কথা বলেছে। সে বিশ্বাস করত, ন্যায়বিচার ছাড়া রাষ্ট্র শক্তিশালী হতে পারে না। আজ ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা একই সঙ্গে আমার ভাইয়ের হত্যার সুষ্ঠু তদন্ত ও দ্রুত বিচার দাবি করছি। ?তিনি আরও বলেন, আমার ভাই ক্ষমতার রাজনীতি করতে চাননি। তিনি চেয়েছিলেন ন্যায়ের ভিত্তিতে রাষ্ট্রীয় সংস্কার, দুর্নীতিমুক্ত প্রশাসন ও মানুষের অধিকার নিশ্চিত হোক। সেই আদর্শ থেকেই তিনি আন্দোলনে ছিলেন। আমরা চাই, তার হত্যাকারীদের আইনের আওতায় এনে বিচার নিশ্চিত করা হোক। ভাষা আন্দোলনের চেতনা মানে কেবল ফুল দেওয়া নয়, বরং অন্যায়ের বিরুদ্ধে অবস্থান নেওয়া। ন্যায়বিচার প্রতিষ্ঠাই শহীদদের প্রতি প্রকৃত সম্মান। ?উল্লেখ্য, শরীফ ওসমান বিন হাদি ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের সময় জাতীয় অঙ্গনে পরিচিতি পান। শিক্ষা ও রাষ্ট্রীয় সংস্কারের দাবিতে তরুণদের আন্দোলনে সক্রিয় ভূমিকা রাখেন। পরে ইনকিলাব মঞ্চ প্রতিষ্ঠা করে মুখপাত্র ও সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ২০২৫ সালে ঢাকা-৮ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রচারণা শুরু করেন। ১২ ডিসেম্বর রাজধানীর বিজয়নগর ও পুরাতন পল্টন এলাকায় নির্বাচনী গণসংযোগের সময় দুর্বৃত্তদের গুলিতে তিনি গুরুতর আহত হন। উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হলে ১৮ ডিসেম্বর রাতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় তার জানাজায় বিপুল মানুষের উপস্থিতি তাকে শেষ বিদায় জানায়।

## কাজিরহাটে যথাযোগ্য মর্যাদায়

সংগঠনের নেতা কর্মীরা এসময়ে পুষ্প অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও শনিবার সকাল ৯:০০ ঘটিকায় কাজিরহাট থানার বাজার সংলগ্ন এলাকা থেকে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর উদ্যোগে একটি র?্যালি বের করা হয়। র?্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একতা ডিগ্রি কলেজ মাঠের শহীদ মিনারের সামনে গিয়ে শেষ হয়। এ সময় নেতাকর্মীরা হাতে হাত মিলিয়ে সারিবদ্ধভাবে ধীরলয়ে এগিয়ে যান এবং পরম শ্রদ্ধায় শহীদ মিনারের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এর পরপরেই আরও একটি র?্যালি বের করে বাংলাদেশ ছাত্রদলের স্থানীয় লতা ইউনিয়নের নেতাকর্মীরা। একই ভাবে শহীদ মিনারে গিয়ে র?্যালিটি শেষ করে এবং পুষ্পস্তবক অর্পণ শেষে তারা কিছুক্ষণ নিরবতা পালন করে ভাষা শহীদদের স্মৃতির প্রতি বিশেষ সম্মান প্রদর্শন করেন। এছাড়াও পুষ্পস্তবক অর্পণ করেন বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ। উপস্থিত নেত্রীবৃন্দ ও শিক্ষক এবং বিভিন্ন স্তরের ব্যক্তিবর্গ তাদের বক্তব্যে ভাষা আন্দোলনের তাৎপর্য তুলে ধরেন এবং শহীদদের রক্তে অর্জিত বাংলা ভাষাকে সর্বস্তরে সঠিক ব্যবহারের শপথ গ্রহণ করেন। শ্রদ্ধা নিবেদন শেষে দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়। এছাড়াও বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির কাজীরহাট থানা শাখার উদ্যোগে দোয়া অনুষ্ঠান করেন স্থানীয় নেতাকর্মীরা। তারা মাতৃভাষা দিবসের ইতিহাস ও এর শিক্ষা এবং করণীয় বিষয় আলোচনা করেন পরে দোয়া মুনাজাতের মাধ্যমে শহীদদের আত্মার মাগফেরাত ও নাজাত কামনা করে দোয়া অনুষ্ঠান সমাপ্তি করা হয়। এছাড়াও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিভিন্ন রাজনৈতিক দল ও প্রতিষ্ঠান মহান আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেন।

## বাসের ধাক্কায় প্রাণ

এলাকায় সড়কের একপাশ থেকে অন্য পাশে যাচ্ছিল মরিয়ম। এসময় বেতাগী থেকে বরগুনাগামী তানজিল পরিবহনের একটি বাস মরিয়মকে ধাক্কা দেয়। এতে মরিয়ম গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে বরগুনা জেনারেল হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ বিষয়ে মরিয়মের বাবা নাসির ঘরামী বলেন, মেয়েকে তো আর জীবিত পাবো না। এই শোক কাটিয়ে উঠবো কী করে তা বুঝতে পারছি না। তবে আমার মতো যেন আর কোনো বাবা সন্তান হারা না হয় এই দিকটিই এখন চাওয়া। সড়ক যেন আর কারো প্রাণ কেড়ে না নেয়। বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল আলীম বলেন, ঘটনাটি খুবই দুঃখজনক। পরিবারের লিখিত আবেদনের প্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়াই মরিয়মের মরদেহ হস্তান্তর করা হয়েছে।

## ভাণ্ডারিয়ায় আন্তর্জাতিক মাতৃভাষা

এই সুরে প্রভাত ফেরি,কালো ব্যাচ ধারণ এবং সকাল দশটায় উপজেলা অডিটরিয়ামে আলোচনাসভা ও শিশুদের চিত্রাংঙ্কন এবং বড়দের রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব এবং রাতের প্রথম প্রহরে উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ, মুক্তিযোদ্ধা সংসদ ও পৌরসভাসহ স্ব স্ব দপ্তরের সংশ্লিষ্টদের নিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা রেহেনা আক্তার। পর্যায়ক্রমে ভাণ্ডারিয়া থানা পুলিশ প্রশাসনের পক্ষে সহকারী পুলিশ সুপার মো. ওয়ালীদ হাসান, ভাণ্ডারিয়া থানার ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মন্ডল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পক্ষে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ বর্ণালী দেবনাথ। এছাড়া উপজেলা বিএনপি, পৌর বিএনপি ও তার সহযোগী অঙ্গসংগঠন, জাতীয় পার্টি– জেপি ও তার সহযোগী অঙ্গসংগঠন, এনসিপি, গণঅধিকার পরিষদসহ বিভিন্ন রাজনৈতিক দল ও তার সহযোগী অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের জেষ্ঠ্য নেতৃবৃন্দ, মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, প্রেসক্লাব, উপজেলা হিন্দু,বৌদ্ধ,খৃষ্টান ঐক্য কল্যাণ পরিষদ, বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন এবং ব্যাংক, এনজিওর পক্ষ থেকেও পুষ্পস্তবক অর্পণ করা হয়।

# বরিশালে কমতে শুরু করেছে লেবুর মূল্য

**কীর্তনখোলা রিপোর্ট**

রমজান শুরুর আগে লাফিয়ে লাফিয়ে বাড়তে থাকা লেবুর দাম অবশেষে কমতে শুরু করেছে বরিশালের বাজারে। কয়েক দিন আগেও যেখানে মাঝারি আকারের প্রতি হালি লেবু বিক্রি হয়েছে ১০০ থেকে ১২০ টাকায়, সেখানে এখন তা নেমে এসেছে ৫০ থেকে ৬০ টাকায়। ছোট আকারের লেবুর হালি বিক্রি হচ্ছে ৩৫ থেকে ৪০ টাকায়। বরিশাল নগরের নথুল্লাবাদ, চৌমাথা ও কাশীপুর কাঁচাবাজার ঘুরে এমন চিত্রই দেখা গেছে। ব্যবসায়ীরা বলছেন, সরবরাহ সংকট ও রোজা ঘিরে বাড়তি চাহিদার কারণে হঠাৎ করেই দাম বেড়ে যায়। তবে এখন বাজারে সরবরাহ বেড়েছে, পাশাপাশি ক্রেতাদের চাপও কিছুটা কমেছেড়ফলে দামে স্বস্তি ফিরেছে। **চাহিদার চাপে বাড়তি দাম** রমজান শুরু হওয়ার কয়েক দিন আগে থেকেই ইফতারে লেবুর শরবত তৈরির জন্য অনেকেই আগেভাগে লেবু কিনে মজুত করেন। অনেক ক্রেতাকে এক থেকে দুই ডজন পর্যন্ত লেবু কিনতে দেখা গেছে। এতে বাজারে কৃত্রিম সংকট তৈরি হয়েছে বলে অভিযোগ করেন সাধারণ ক্রেতারা। তবে ব্যবসায়ীদের দাবি, চাষিরা ভালো দামের আশায় এক সময় লেবু সংগ্রহ কমিয়ে দেন। ফলে পাইকারি বাজারে সরবরাহ কম থাকায় খুচরা বাজারেও প্রভাব পড়ে। শনিবার নগরের বিভিন্ন বাজারে পর্যাপ্ত লেবু দেখা গেছে। ব্যবসায়ীরা জানান, গত তিন-চার দিনের তুলনায় দাম প্রায় অর্ধেকে নেমে এসেছে। ক্রেতারা বলছেন, কয়েক দিন আগের অস্বাভাবিক দাম তাদের ভোগান্তিতে ফেলেছিল। এখন দাম কিছুটা কমায় স্বস্তি মিলেছে। তবে তারা চান, বাজারে যেন অযৌক্তিক মূল্যবৃদ্ধি আর না হয়। ভোক্তা অধিকার সংশ্লিষ্টরা বলছেন, প্রয়োজনের অতিরিক্ত কেনাকাটা না করলে বাজারে অস্থিরতা কমবে। একই সঙ্গে নিয়মিত বাজার তদারকি থাকলে কৃত্রিম সংকটের সুযোগও কমে আসবে। রমজানের শুরুতেই লেবুর বাজারে যে উত্তাপ তৈরি হয়েছিল, তা আপাতত কমেছেড় এতে কিছুটা হলেও স্বস্তি ফিরেছে বরিশালের ক্রেতাদের মাঝে।

# পটুয়াখালীতে ছাত্রদল নেতাকে ধরতে গিয়ে তোপের মুখে পুলিশ

**পটুয়াখালী প্রতিনিধি**

‘বিএনপির লোক আপনি থানায় নিতে পারবেন না। তারেক রহমানের সিদ্ধান্ত মানছি, অন্য কিছু না। আমরা গণঅধিকার করি না, বিএনপি করি। যদি নিতে হয়, দুই আসামিকেই নিতে হবে।’ ওয়ারেন্টভুক্ত ছাত্রদল নেতাকে ছাড়িয়ে নিতে পুলিশের সঙ্গে বাগবিতণ্ডায় জড়িয়ে এমন কথা বলেন পটুয়াখালীর দশমিনা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বশার ও তার অনুসারীরা। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। স্থানীয় ও প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার রাতে দশমিনা উপজেলা সদরে গণঅধিকার পরিষদের নেতাকর্মীরা ছাত্রদলের সভাপতি রাকিব হোসেনকে মারধর করে পুলিশের হাতে তুলে দেয়। দশমিনা থানার এসআই মনির হোসেন রাকিবকে থানায় নিয়ে যেতে চাইলে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বশার বাধা দেন। এ সময় ৩০-৪০ জন ছাত্রদল নেতাকর্মী জড়ো হয়ে পুলিশকে ঘিরে রাখেন এবং গ্রেপ্তারি পরোয়ানার কাগজ দেখতে চান। এ নিয়ে ছাত্রদলের আহ্বায়ক বশার ও পুলিশের মধ্যে বাকবিতণ্ডা হয়। পরে অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে গিয়ে রাকিবকে গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে। শুক্রবার আদালতের মাধ্যমে রাকিবকে জেলহাজতে পাঠানো হয়েছে। এ বিষয়ে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বশার জানান, চরবোরহান ছাত্রদলের সভাপতি রাকিবকে গণঅধিকারের নেতারা মারধর করে পুলিশের হাতে তুলে দিয়েছে। তিনি বলেন, ‘আমি শুধু এর প্রতিবাদ করেছি।’ দশমিনা উপজেলা গণঅধিকার পরিষদের সদস্য সচিব মিলন খান জানান, ওয়ারেন্টভুক্ত আসামিকে পুলিশ ধরেছে। এখানে তার কোনো সম্পৃক্ততা নেই। তবে ছাত্রদল নেতারা মনে করেছেন, তারা তাকে পুলিশে ধরিয়ে দিয়েছেন। তিনি অভিযোগ করেন, ছাত্রদল নেতাকর্মীরা পুলিশের সামনে তার গায়ে হাত তুলেছেন। দশমিনা থানার এসআই মনির হোসেন জানান, ওয়ারেন্টভুক্ত আসামি রাকিবকে গ্রেপ্তার করার সময় ছাত্রদলের আহ্বায়ক আবুল বশারসহ কয়েকজন তাকে বাধা দেন এবং গ্রেপ্তারি পরোয়ানার কাগজ দেখতে চান। পরে কাগজ দেখানো হলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

# কলাপাড়ায় রুফটপ সোলারে অগ্রাধিকারের আহ্বান

**মো. নাহিদুল হক, কলাপাড়া**

বাংলাদেশের টেকসই জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ, পরিবেশ সুরক্ষা এবং বিদ্যুৎ খাতে বৈপ্লবিক রূপান্তরের লক্ষ্যে রুফটপ সোলার (ছাদ সৌরবিদ্যুৎ) প্রযুক্তিকে দ্রুত জাতীয় অগ্রাধিকার হিসেবে ঘোষণার দাবি জানিয়েছে নাগরিক সমাজ ও কমিউনিটি প্রতিনিধিরা। রোববার কলাপাড়ায় প্রান্তজন ট্রাস্ট, প্রতিবেশ ও উন্নয়ন ফোরাম পটুয়াখালী (ফেড- পটুয়াখালী), ক্লিন, বিডাব্লিউজিইডি এবং স্থানীয় কমিউনিটি প্ল্যাটফর্মসমূহের যৌথ উদ্যোগে আয়োজিত এক মোবিলাইজেশন কর্মসূচিতে অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে বক্তব্য রাখেন, প্রতিবেশ ও উন্নয়ন ফোরাম - পটুয়াখালীর আহ্বায়ক অমল মুখার্জী, সদস্য মেজবাহউদ্দিন মাননু, নুরুল হক, প্রান্তজন এর ফিল্ড কোর্ডিনেটর সাইফুল্লাহ মাহমুদ এবং সঞ্চালনা করেন ফেড- পটুয়াখালীর সদস্য সচিব মো. নজরুল ইসলাম। এই সময়ে উপস্থিত ছিলেন কলাপাড়া প্রেসক্লাবের সহ-সভাপতি বিশ্বাস শিহাব পারভেজ মিঠু, ফেড - পটুয়াখালী এর সদস্য উত্তম হাওলাদার, মো. সাইদুর রহমান, মো. নাহিদুল হক এবং নাজমুস সাকিব সহ প্রমুখ। সভায় বক্তারা বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্রিয় সমর্থন ও সরাসরি অংশগ্রহণ ছাড়া নবায়নযোগ্য জ্বালানির লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়। সমাবেশে স্থানীয় সাংবাদিক, যুব প্রতিনিধি এবং পরিবেশ আন্দোলনের কর্মীরা অংশ নিয়ে জ্বালানি খাতের এই পরিবর্তনের পক্ষে সংহতি প্রকাশ করেন। পরবর্তীতে একটি প্রতিনিধি দল কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌরসভার প্রশাসক কাউছার হামিদের কাছে স্মারকলিপি পেশ করেন। নেতৃবৃন্দ বলেন, দেশের বিদ্যুৎ খাতে দীর্ঘদিন ধরে কেন্দ্রীয়ভাবে ব্যয়বহুল ও আমদানিনির্ভর জীবাশ্ম জ্বালানিকে গুরুত্ব দেওয়া হয়েছে, যা বর্তমানে দেশের অর্থনীতির ওপর বড় বোঝা হয়ে দাঁড়িয়েছে। এর বিপরীতে রুফটপ সোলার একটি পরিচ্ছন্ন, সহজলভ্য এবং অত্যন্ত কম ব্যয়বহুল সমাধান হওয়া সত্ত্বেও এটি নীতিনির্ধারণী পর্যায়ে যথাযথ অগ্রাধিকার পাচ্ছে না। বক্তারা বিশেষভাবে জোর দিয়ে বলেন যে, রুফটপ সোলার কেবল বিদ্যুৎ উৎপাদনের প্রযুক্তি নয়, বরং এটি সাধারণ মানুষের জন্য ‘জ্বালানি গণতন্ত্র’ প্রতিষ্ঠার সুযোগ। ইউনিয়ন পরিষদ ভবন থেকে শুরু করে স্কুল, হাসপাতাল এবং গ্রামীণ বাজারগুলোর বিশাল অব্যবহৃত ছাদ যদি সৌরবিদ্যুতের আওতায় আনা যায়, তবে স্থানীয় পর্যায় থেকেই একটি বৃহৎ জ্বালানি বিপ্লব শুরু করা সম্ভব। প্রান্তজন এর ফিল্ড কোর্ডিনেটর, সাইফুল্লাহ মাহমুদ বলেন, বিগত ১৬ বছরে শুধুমাত্র বেসরকারি জীবাশ্ম জ্বালানি ভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের মালিকদের ১ লাখ ৭২ হাজার কোটি টাকা ‘ক্যাপাসিটি চার্জ’ প্রদান করা হয়েছে। যা দিয়ে ৩টা পদ্মা সেতু করা সম্ভব ছিল। তাই আমাদের জ্বালানি নিরাপত্তায় নবায়নযোগ্য জ্বালানি বিশেষ করে সোলারের উপর জোর দিতে হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১০ ফাল্গুন ১৪৩২

# খলিলুরকে পাকিস্তানি পররাষ্ট্রমন্ত্রীর ফোন, সম্পর্ক জোরদারে একমত

**কীর্তনখোলা ডেস্ক**
বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে টেলিফোন করেছেন পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দার। ফোনে আলাপকালে তারা বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও ৩ এর পাতায় দেখুন

# নতুন সরকারের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও এগিয়ে নিতে চায় ভারত

**কীর্তনখোলা ডেস্ক**
পারস্পরিক শ্রদ্ধা, অভিন্ন স্বার্থ ও পারস্পরিক সুবিধার ভিত্তিতে বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও এগিয়ে নিতে আগ্রহ প্রকাশ করেছে ভারত। রোববার (২২ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ৩ এর পাতায় দেখুন




# বঙ্গোপসাগরের লঘুচাপ প্রভাবে বরিশালসহ চার বিভাগে দুদিন বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা

**কীর্তনখোলা ডেস্ক**
বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট লঘুচাপের প্রভাবে সোমবার (২৩ ফেব্রুয়ারি) থেকে দেশের চার বিভাগে দুদিন বজ্রসহ বৃষ্টির আভাস দিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। সংস্থাটি জানিয়েছে, খুলনা, বরিশাল, রাজশাহী ও ঢাকা বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি কিংবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। তবে দেশের অন্যান্য এলাকায় আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। রোববার (২২ ফেব্রুয়ারি) সন্ধ্যা ছয়টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। আবহাওয়ার সিনপটিক অবস্থা সম্পর্কে বলা হয়েছে, বিষুবীয় ভারত মহাসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে এবং বর্তমানে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে অবস্থান করছে। এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। একইসঙ্গে উপমহাদেশীয় ৩ এর পাতায় দেখুন



# ফ্যাসিবাদী শক্তির উত্থান একুশের চেতনায় রুখে দেবে জনগণ: অ্যাড. হেলাল

**কীর্তনখোলা রিপোর্ট**
বাংলাদেশে কোনো ফ্যাসিবাদী শক্তির উত্থান হলে এ দেশের জনগণ ২১শে ফেব্রুয়ারির মতো আবারও বুক পেতে রুখে দাঁড়াবে বলে মন্তব্য করেছেন মুয়াযযম হোসাইন হেলাল। তিনি বলেন, দেশকে ফ্যাসিবাদের দিকে ফিরিয়ে নেওয়ার কোনো চিন্তা থাকলে দেয়ালের লিখন পড়া উচিতড়এ দেশের জনগণ ১৯৫২, ১৯৬৯, ১৯৭০, ১৯৭১, ১৯৯০ এবং ২০২৪ সালের জুলাই অভ্যুত্থানে জীবন দিয়ে প্রমাণ করেছে, এ দেশে ফ্যাসিবাদের কোনো স্থান নেই। ২১ ফেব্রুয়ারি (শুক্রবার) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর উদ্যোগে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নগরীর গির্জা মহল্লায় অবস্থিত আসমত আলী খান ইন্সটিটিউট (একে স্কুল) অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বরিশাল মহানগর আমির মাওলানা জহির উদ্দিন মু. বাবরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অ্যাডভোকেট হেলাল বলেন, ভাষার জন্য জীবন দেওয়া হলেও এখনো রাষ্ট্রের সব ক্ষেত্রে বাংলা ৩ এর পাতায় দেখুন



# আ.লীগের হামলায় বিএনপির পাঁচ নেতাকর্মী আহত

**পিরোজপুর প্রতিনিধি**
পিরোজপুরের ইন্দুরকানীতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতাদের হামলায় বিএনপির পাঁচ নেতাকর্মী আহত হয়েছেন। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) রাতে উপজেলার পত্তাশী ইউনিয়নের বাজার এলাকায় পঞ্চায়েত বাড়ির ব্রিজ সংলগ্ন স্থানে এ হামলার ঘটনা ঘটে। আহতরা হলেনড় পত্তাশী ইউনিয়ন মৎস্যজীবী দলের সভাপতি মো. নজরুল ইসলাম ফকির (৫৫), স্বেচ্ছাসেবক দলের ইউনিয়ন সভাপতি জাহিদ হোসেন (৩৮), একই ইউনিয়নের ২নং ওয়ার্ডের বাসিন্দা মো. নাহিদ হোসেন (১৮), নাছির উদ্দীন ফকির (৫০) ও নাইম হোসেন (২৮)। জানা গেছে, শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে পত্তাশী বাজার এলাকায় স্থানীয়রা হঠাৎ ডাকচিৎকার শুনে এগিয়ে গিয়ে মারামারিতে আহত পাঁচজনকে রক্তাক্ত অবস্থায় দেখতে পান। এসময় তারা অচেতন অবস্থায় দুজনসহ মোট পাঁচজনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। আহতদের ইন্দুরকানী স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে পিরোজপুর জেলা হাসপাতালে উন্নত ৩ এর পাতায় দেখুন

# ছাত্রদল নেতার নেতৃত্বে হাসপাতালে হামলা-ভাঙচুর, ভিডিও ভাইরাল

**কলাপাড়া প্রতিনিধি**
পটুয়াখালীর মহিপুরে কেয়ার মডেল হাসপাতালে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। শনিবার (২১ ফেব্রুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে এ ঘটনা ঘটে। হাসপাতালের সিসিটিভি ফুটেজে দেখা যায়, স্থানীয় মুক্তিযোদ্ধা মেমোরিয়াল ডিগ্রি কলেজ ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সিয়ামের নেতৃত্বে ১০-১২ জনের একটি দল হাসপাতালে প্রবেশ করে ভাঙচুর চালায়। এ সময় হাসপাতালের গ্লাস আসবাবপত্রসহ বিভিন্ন মালামাল ক্ষতিগ্রস্ত হয়। হঠাৎ হামলায় হাসপাতালের রোগী ও স্টাফদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। তারা দিকবিদিক ছোটাছুটি করতে থাকেন। আহত সদর ইউনিয়ন ছাত্রদলের প্রচার সম্পাদক কামরুল ইসলাম শাওন অভিযোগ করেন, ব্যবসায়ীক লেনদেনে দুই হাজার টাকা পাওনাকে ৩ এর পাতায় দেখুন

# বাসের ধাক্কায় প্রাণ গেল শিশু মরিময়ের

**বরগুনা প্রতিনিধি**
বরগুনায় যাত্রীবাহী বাসের ধাক্কায় মরিয়ম (১২) নামের তৃতীয় শ্রেণির এক শিক্ষার্থী নিহত হয়েছেন। গত ১০ ফেব্রুয়ারি বিকেল সাড়ে চারটার দিকে বরগুনা-বেতাগী সড়কের ছোট গৌরীচন্না মীর মহল গলাচিপা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। রোববার (২২ ফেব্রুয়ারি) সরেজমিনে গিয়ে দেখা যায় পরিবারের আদরের সন্তানকে হারিয়ে এখনো স্বাভাবিক হতে পারছেন না বাবা-মা। মূর্ছা যাচ্ছেন বার বার। সড়ক দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় পদক্ষেপের দাবি জানান তারা, আর যেন কোনো মায়ের বুক খালি না হয় এটিই চাওয়া তাদের। নিহত মরিয়ম বেতাগী উপজেলার কাজিরাবাদ ইউনিয়নের বকুলতলা গ্রামের নাসির ঘরামীর মেয়ে। মরিয়ম বেতাগী উপজেলার ৭৬নং বকুলতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্রী ছিল। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার দিন ছোট গৌরীচন্না মীর মহল গলাচিপা নামক ৩ এর পাতায় দেখুন



# দাওয়াত না পাওয়ায় মাতৃভাষা দিবসের আলোচনায় অংশ নেয়নি বিএনপি

**পিরোজপুর প্রতিনিধি**
পিরোজপুরের ইন্দুরকানীতে উপজেলা প্রশাসান আয়োজিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে দাওয়াত না দেওয়ার অভিযোগ করেছ উপজেলা বিএনপি। শনিবার (২১ ফেব্রুয়ারি) আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা সভায় উপজেলা বিএনপি আমন্ত্রণপত্র না পাওয়ায় তারা অনুষ্ঠানে অংশ নেয়নি। জানা গেছে, শনিবার সকালে ইন্দুরকানী উপজেলা পরিষদ অডিটরিয়ামে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনায় জামায়াত, এনসিপি, গণঅধিকার পরিষদসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত থাকলেও বিএনপি ও এর অঙ্গ সংগঠনের কোনো নেতাকে দেখা যায়নি। এ বিষয়ে উপজেলা বিএনপির সভাপতি মো. ফরিদ হোসেন ৩ এর পাতায় দেখুন




# ঝালকাঠির উন্নয়ন ও আইনশৃঙ্খলা নিয়ে নবনির্বাচিত দুই এমপির অঙ্গীকার

**ঝালকাঠি প্রতিনিধি**
ঝালকাঠি জেলা-এর সার্বিক উন্নয়ন এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতিতে সমন্বিতভাবে কাজ করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেছেন ঝালকাঠি-১ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল এবং ঝালকাঠি-২ আসনের সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভুট্টো। রোববার সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে আয়োজিত পরিচিতি ও মতবিনিময় সভায় তারা এ অঙ্গীকার ব্যক্ত করেন। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন। সভায় জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ৩ এর পাতায় দেখুন



# চাঁদাবাজ, মাদক ও দুর্নীতিমুক্ত বাউফলের বিজয় হয়েছে

**বাউফল প্রতিনিধি**
আপনারা জীবনের ঝুঁকি নিয়ে মা-বোন, ভাই বন্ধুদের নিয়ে শুধু দাঁড়িপাল্লায় ভোট দিতে যান নাই, আপনারা গিয়েছেন চাঁদাবাজমুক্ত বাউফলের বিজয়ের জন্য, মাদকমুক্ত বাউফলের বিজয়ের জন্য, দুর্নীতিমুক্ত বাউফলের বিজয়ের জন্য, সেই বিজয় হয়েছে বলে মন্তব্য করেছেন পটুয়াখালী-২(বাউফল) আসনে নবনির্বাচিত জাতীয় সংসদ সদস্য ও জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী (দক্ষিণ) এর সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ। রোববার দুপুর ১২টায় বাউফল পাবলিক মাঠে উপজেলা জামায়াতের উদ্যোগে ১১ দলীয় জোটের আয়োজিত এক শুকরিয়া সমাবেশে এসব কথা বলেন ৩ এর পাতায় দেখুন

# ভাণ্ডারিয়ায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় 'রক্ত আখরে লেখা মহান '২১', মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস -২০২৬ উদ্‌যাপন করা হয়। দিবসটি উদযাপন উপলক্ষ্যে রাতের প্রথম প্রহরে (১২.১ মিনিটে) স্থানীয় রিজার্ভ পুকুর পার উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের স্বরণে বিনম্র শ্রদ্ধায় পুষ্পস্তবক অর্পণ, প্রত্যুষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে' আমরা ভাইয়ের রক্তে রাঙনো মহান একুশে ফেব্রুয়ারি'

# কাজিরহাটে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

**শাহেদুল ইসলাম, কাজিরহাট প্রতিনিধি**
সারাদেশে যথাযথ সম্মান ও মর্যাদায় ২১শে ফেব্রুয়ারি মহান আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। দেশের সকল স্থানের সাথে বরিশালের কাজিরহাটেও যথাযোগ্য সম্মান ও মর্যাদায় পালিত হয় মহান আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। কাজীরহাটের একতা ডিগ্রি কলেজ মাঠের শহীদ মিনারে ধর্ম-বর্ণ, দল-মত- নির্বিশেষে, ছাত্র-ছাত্রী সহ শিক্ষক ও বিভিন্ন রাজনৈতিক দল ও অঙ্গ
৩ এর পাতায় দেখুন

# ব্যবসা প্রতিষ্ঠানে চুরি ও অগ্নিসংযোগ, অর্ধ কোটি টাকার ক্ষয়ক্ষতি

**মঠবাড়িয়া প্রতিনিধি**
পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার বান্ধবপাড়া বাসস্ট্যান্ডে চুরির পর অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। ২১ ফেব্রুয়ার (শনিবার) সেহরির সময় হলতা গুলিশাখালী ইউনিয়নের বান্ধবপাড়া বাসস্ট্যান্ডে আনোয়ার মেম্বারের দোকানে এ ঘটনা ঘটে। এতে অর্ধকোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানা গেছে। থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। খোঁজ নিয়ে জানা গেছে, শুক্রবার রাত ১১টার দিকে হোতখালী গ্রামের সাবেক ইউপি সদস্য ও মুদি ব্যবসায়ী আনোয়ার হোসেন দোকান বন্ধ করে ওই স্ট্যান্ডের পার্শ্ববর্তী একটি কক্ষে ঘুমিয়ে পড়েন।দোকানঘর পাহারা দেওয়ার জন্যই সেখানে রাতে থাকতেন তিনি। সেহরির সময় স্থানীয় ৩ এর পাতায় দেখুন




# উজিরপুরে স্বেচ্ছাসেবক দল নেতার বিরুদ্ধে মানববন্ধন

**উজিরপুর প্রতিনিধি**
বরিশালের উজিরপুর উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সৈয়দ ইউসুফের বিরুদ্ধে মানববন্ধন করেছেন একদল গ্রামবাসী। তাঁদের অভিযোগ, সৈয়দ ইউসুফের মামলা-বাণিজ্য, চাঁদাবাজি ও ভূমিদস্যুতায় তাঁরা অতিষ্ঠ। তাঁরা ইউসুফের বিচার দাবি করেছেন। রোববার (২২ ফেব্রুয়ারি) উজিরপুর উপজেলা পরিষদের সামনে এ মানববন্ধন হয়। মানববন্ধনে অংশ নেওয়া এক নারী জানান, ২০২৪ সালের ৫ আগস্টের পর ইউসুফ দখল, চাঁদাবাজি ও মামলা-বাণিজ্য করে এলাকার মানুষকে হয়রানি করেছেন। তাঁর সঙ্গে জমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষকে রাজনৈতিক মামলায় আসামি করে হয়রানি করা হয়। ইউসুফের চাচাতো ভাই সৈয়দ নান্টুর অভিযোগ, নিজ বাড়ির পথ তৈরি করতে সৈয়দ ইউসুফ ৩ এর পাতায় দেখুন

# স্বীকারোক্তি না দেয়ায় বৃদ্ধের পা ভেঙে দেয়ার অভিযোগ

**বোরহানউদ্দিন প্রতিনিধি**
ভোলার বোরহানউদ্দিন উপজেলার কাচিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডে জমির সীমানা বিরোধকে কেন্দ্র করে এক বৃদ্ধকে বাড়ি থেকে ডেকে নিয়ে নির্মমভাবে মারধর ও পা ভেঙে দেওয়ার অভিযোগ উঠেছে। মিথ্যা স্বীকারোক্তি দিতে অস্বীকৃতি জানানোয় তাকে শারীরিক নির্যাতনের শিকার হতে হয়েছে বলে দাবি ভুক্তভোগীর। ঘটনাটি এলাকায় ব্যাপক ক্ষোভ ও উদ্বেগের সৃষ্টি করেছে। আহত মোসলেউদ্দিন বর্তমানে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। চিকিৎসকরা জানিয়েছেন, তার পায়ে গুরুতর আঘাতের চিহ্ন রয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়,একই এলাকার শাকিল (পিতা: তরিকুল ইসলাম), পেশায় ব্যবসায়ী। তার সঙ্গে প্রতিবেশী কামরুল (পিতা: জলিল খা)-এর দীর্ঘদিন ধরে জমির ৩ এর পাতায় দেখুন




# শহীদদের শ্রদ্ধা জানাতে গিয়ে হাদি হত্যার বিচার চাইলেন বোন মাসুমা

**ঝালকাঠি প্রতিনিধি**
মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঝালকাঠির নলছিটিতে পদযাত্রা, শ্রদ্ধা নিবেদন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শহীদ শরীফ ওসমান বিন হাদির বোন মাসুমা হাদি এ কর্মসূচিতে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি শহীদ ওসমান হাদি হত্যার বিচার দাবি করেন। ?শনিবার (২১ ফেব্রুয়ারি) সকালে নলছিটি ইসলামিয়া ফাজিল মাদরাসা প্রাঙ্গণে মাসুমা হাদির নেতৃত্বে তরুণ তরুনীরা জড়ো হতে থাকেন। পরে সেখান থেকে পদযাত্রা শুরু হয়ে শহরের বাসস্ট্যান্ড হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। অংশগ্রহণকারীরা জাতীয় পতাকা, প্ল্যাকার্ড ও ওসমান হাদির ছবি হাতে নিয়ে 'আমার ভাইয়ের রক্তে ৩ এর পাতায় দেখুন

# কাউখালীতে ভাষা শহীদদের স্মরণে আলোচনা সভা

**মোঃ মেহেদী হাসান, কাউখালী**
পিরোজপুরের কাউখালীতে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে উদযাপনের লক্ষ্যে নানা কর্মসূচীর আয়োজন করেছে উপজেলা প্রশাসন। কর্মসূচীর মধ্যে ছিলো ২১শে ফেব্রুয়ারী (শনিবার) রাত ১২টা ১ মিনিটে দ্বিপ্রহরে উপজেলা প্রশাসন, বিভিন্ন রাজনৈতিক সংগঠন ও এনজিও প্রতিনিধিদের অংশগ্রহণে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ। এরপর সকাল ১১ঘটিকার সময় দিবসটির তাৎপর্য তুলে ধরতে উপজেলা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী- কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক
সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com